

50 নাকি ৫২ বিতর্কের মাঝে বয়স জানিয়ে পোস্ট মালাইকার -পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-১৫ ঃ মেহেরপুর-মঙ্গলবার ২৮ অক্টোবর ২০২৫ ইং ঃ ১২ কার্তিক ১৪৩২ বাংলা ঃ ৫ জমা ,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com

সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজ
স্থাপিত-২০১৮
গাংনী, মেহেরপুর

## তথ্য উপদেষ্টার মন্তব্যে বিভ্রান্তি এড়াতে সরকারের ব্যাখ্যা

সূর্যোদয় প্রতিবেদন

তথ্য উপদেষ্টা মাহফুজ আলমের এক বক্তব্যে সৃষ্টি হওয়া বিভ্রান্তি নিরসনে ব্যাখ্যা দিয়েছে অন্তর্বর্তী সরকার। সোমবার এক সরকারি বিবৃতিতে জানানো হয়েছে, উপদেষ্টা পরিষদের কার্যক্রম আগামী নভেম্বরে শেষ হবেড়তথ্য উপদেষ্টার এমন মন্তব্য আংশিকভাবে ভুলভাবে ব্যাখ্যা করা হয়েছে। রোববার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) আয়োজিত 'মিট দ্য রিপোর্টার্স' অনুষ্ঠানে বক্তব্য দেন তথ্য উপদেষ্টা মাহফুজ আলম। অনুষ্ঠানে তিনি বলেন, "আগামী নভেম্বরে উপদেষ্টা পরিষদের কার্যক্রম শেষ হবে। এ সময়ের মধ্যে তথ্য ও সম্প্রচার

২-এর পৃষ্ঠা দেখুন

### ঘাস ফড়িংয়ের আক্রমণ

## গাংনীর ধান চাষিদের সর্বনাশ

নিজস্ব প্রতিবেদক, গাংনী

কার্তিক মাসে এখন কৃষকের মাঠভরা ধান দেখে আনন্দে ভরপুর থাকার কথা। কিন্তু মেহেরপুরের গাংনী উপজেলার দেবীপুর-তেরাইল মাঠে চাষি মিরাজুল ইসলামের মুখে এখন কেবল হতাশার ছাপ। ঘাস ফড়িংয়ের আক্রমণে তাঁর দেড় বিঘা জমির সব ধান একেবারে শেষ হয়ে গেছে। ক্ষতিগ্রস্ত কৃষক মিরাজুল ইসলাম জানান, 'এত কষ্টের ধান আমার নষ্ট হয়ে গেল। মাঠে আমার ধান ছিল সবার সেরা, এখন একেবারে জিরো। কীটনাশক ব্যবহার করেও কোনো লাভ হয়নি। আমার এমন ক্ষতি হয়েছে, যা ভাষায় প্রকাশ করা যায় না।' তিনি অভিযোগ করেন, কৃষি অফিস থেকেও তেমন কোনো কার্যকর নির্দেশনা পাননি। তাঁর ভাষায়, 'কৃষি অফিস যদি সঠিকভাবে বলতো কোন বিষ দিলে ফল পাওয়া যাবে, তাহলে অনেকটা বাঁচতাম।' স্থানীয় কৃষকেরা জানান, মজুরি, সার ও কীটনাশকের বাড়তি দামে আগেই কৃষকের নাভিশ্বাস উঠেছে। এর মধ্যেই আমনে ঘাসফড়িং আক্রমণ মারাত্মক



আকার ধারণ করেছে। অনেকের জমির ধান শুকিয়ে সাদা হয়ে গেছে মাঠে এখন শুধু খড়ের সারি। চাষি আব্দুল মজিদ ক্ষোভ প্রকাশ করে বলেন, 'আগে থাইডন, বাসোডিনের মতো কীটনাশক ছিল, যেগুলো সঙ্গে সঙ্গে কাজ করত। এখনকার বিষে কোনো কাজ হয় না, সব ভেজাল। এভাবে কৃষক ক্ষতিগ্রস্ত হলে কোথায় যাবে?' আরেক চাষি মনিরুল ইসলাম জানান, 'মিরাজের জমির ধান এত সুন্দর হয়েছিল, যত্নও ছিল অনেক। কিন্তু ঘাস ফড়িংয়ের আক্রমণে এখন ধান তো দূরের কথা, খড়ও উদ্ধার করা সম্ভব না। পুরো জমি খড়ের মতো শুকিয়ে গেছে।' এ বিষয়ে গাংনী উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মো. আরাফাত মিয়া বলেন, 'রোপা আমন মৌসুমে স্বাভাবিকভাবে কিছু রোগবালাই দেখা দেয়। আমরা বেশিরভাগ জায়গায় নিয়ন্ত্রণে এনেছি। তবে বাজারে ভেজাল কীটনাশক থাকায় অনেক কৃষক বিভ্রান্ত হচ্ছেন। আসল কীটনাশক ব্যবহার করলে এ সমস্যা নিয়ন্ত্রণ করা সম্ভব।' তিনি আরও জানান, ইউনিয়ন পর্যায়ের উপসহকারীদের কৃষকদের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখার নির্দেশনা দেওয়া হয়েছে, যাতে তারা প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা পেতে পারেন।






## মেহেরপুরে সদর উপজেলা গোল্ড কাপ ফুটবলের জমকালো উদ্বোধন

আবু রায়হান নিরব

মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের উদ্যোগে গতকাল সোমবার মেহেরপুর স্টেডিয়াম মাঠে সদর উপজেলা গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্টের বর্ণাঢ্য উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলামের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম, সদর থানার অফিসার ইনচার্জ শেখ মেজবাহ উদ্দিন। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার শামসুল আলম সোনা, জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নাসিমা খাতুন, জেলা ইসলামিক ফাউন্ডেশন এর উপ-পরিচালক সিরাজুম মনির,উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম, সমবায় অফিসার মনিরুল ইসলাম, যুব উন্নয়ন কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সাইদুর রহমান, জেলা জামায়েতে ইসলামীর নায়েবে আমির মাহবুবুল আলম, রাজনৈতিক সেক্রেটারি কাজী রুহুল আমিন,প্রবীণ সাংবাদিক তোজাম্মেম আজম, উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, জেলা ক্রীড়া সংস্থার সদস্য আল আমিন ইসলাম বকুল, আসাদুল ইসলাম লিটন, সাইদুর রহমান জিকো, উপজেলা ক্রীড়া সংস্থার সদস্য রাশেদুজ্জামানসহ বিভিন্ন প্রশাসনিক ও ক্রীড়া সংগঠনের প্রতিনিধি। জাতীয় সংগীতের মাধ্যমে পতাকা উত্তোলন ও কয়েকশো বেলুন উড়িয়ে টুর্নামেন্টের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। জেলা প্রশাসক ড. ছালাম ট্রফির মোড়ক উন্মোচন করেন এবং খেলোয়াড়দের সঙ্গে পরিচিত হন। স্টেডিয়াম মাঠে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর শিল্পী-রা নৃত্য পরিবেশন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠানগুলো থেকে শতাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করেন এবং প্যারেড ও কুচকাওয়াজ প্রদর্শন করেন। সহযোগিতা করেছেন মেহেরপুর

২-এর পৃষ্ঠা দেখুন




## ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের প্রশিক্ষণ উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের আওতায় "মিউটেশন ২.১ ভার্সন" ও মনোনীত সফটওয়্যারের কারিগরি পরিচালনা বিষয়ক মাঠ পর্যায়ের কর্মচারীদের প্রশিক্ষণ কর্মশালা উদ্বোধন করা হয়েছে। গতকাল সোমবার (২৭ অক্টোবর) সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত প্রশিক্ষণের উদ্বোধন করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম। উদ্বোধনী

২-এর পৃষ্ঠা দেখুন

## বিএনপি বৃহৎ জোট গঠনের চিন্তা করছে: সালাহউদ্দিন আহমেদ

সূর্যোদয় প্রতিবেদন

আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে বিএনপি বৃহৎ রাজনৈতিক জোট গঠনের উদ্যোগ নিচ্ছে। দলটির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ বলেছেন, "যাদের নিয়ে যুগপৎ আন্দোলন করেছি, তাদের সবাইকে নিয়ে একটি বৃহৎ জোটের চিন্তা করছি। ঐক্যবদ্ধভাবে যাতে নির্বাচনী বৈতরণী পার হতে পারি, সে লক্ষ্যেই এই উদ্যোগ।" সোমবার (২৭ অক্টোবর) দুপুরে রাজধানীর শেরেবাংলা নগরে বিএনপির প্রতিষ্ঠাতা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের সমাধিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানানোর পর সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। যুবদলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে এ শ্রদ্ধা নিবেদন অনুষ্ঠানে যুবদল সভাপতি মোনায়েম মুন্না ও সাধারণ সম্পাদক নুরুল ইসলাম নয়নের নেতৃত্বে কেন্দ্রীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। এ সময় বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা সৈয়দ মোয়াজ্জেম হোসেন আলাল, সাবেক যুবদল সভাপতি সাইফুল আলম নীরবসহ দলীয় নেতারা অংশ নেন এবং জিয়াউর রহমানের আত্মার মাগফিরাত কামনায় বিশেষ মোনাজাত করেন। সালাহউদ্দিন আহমেদ বলেন, "আসনভিত্তিক যোগ্য প্রার্থীদের সঙ্গে কথা বলেছি এটিই বৃহৎ জোট গঠনের প্রক্রিয়ার অংশ। আমরা চাই দলের ভেতরে যেমন ঐক্য

২-এর পৃষ্ঠা দেখুন







## যুবদলের পৃথক পৃথক প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী পৃথকভাবে উদযাপন করা হয়েছে। জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউছার আলীর নেতৃত্বে বর্ণাঢ্য র‍্যালি ও সমাবেশের মাধ্যমে অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয়। সমাবেশ জেলা পরিষদের সামনে শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে শামসুজ্জোহা পার্কে শেষ হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা যুবদলের সহ-সভাপতি মোশারেফ হোসেন তপু, সদর উপজেলা আহ্বায়ক লিয়াকত আলী, মুজিবনগর উপজেলা সদস্য সচিব আনারুল ইসলাম, জেলা সদস্য মেহেদী হাসান রোলেক্স, গাংনী উপজেলা সদস্য সচিব জাহিদুল ইসলাম জাহিদসহ বিভিন্ন ইউনিটের নেতা-কর্মীরা। সমাবেশে বক্তারা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আদর্শে অনুপ্রাণিত হয়ে দেশের গণতন্ত্র পুনরুদ্ধারে

২-এর পৃষ্ঠা দেখুন




## মাঠ দিবসে বিনা ধান-২৬ এর প্রচার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে গতকাল সোমবার বিকেলে মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) উপকেন্দ্র মাগুরার উদ্যোগে এবং মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহযোগিতায় আয়োজিত এ অনুষ্ঠানের মূল লক্ষ্য ছিল বিনা উদ্ভাবিত আমন খানের উন্নত জাত বিনা ধান-২৬ এর প্রচার ও সম্প্রসারণ। মাগুরা বিনা উপকেন্দ্রের ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও ইনচার্জ ড. সুশান চৌহান অনুষ্ঠানের সভাপতিত্ব করেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন

২-এর পৃষ্ঠা দেখুন

## যে শর্তে অস্ত্র ছাড়তে রাজি হামাস

সূর্যোদয় প্রতিবেদন

ফিলিস্তিনি স্বাধীনতাকামী সংগঠন হামাস ঘোষণা করেছে, তারা নিরস্ত্র হতে রাজি হতে পারে ড় তবে শর্তসহ। হামাসের প্রধান আলোচক খলিল আল-হাইয়া স্পষ্ট করে জানিয়েছেন যে সংগঠনের অস্ত্রভাণ্ডার সংক্রান্ত সিদ্ধান্ত ইসরাইলি "দখলদারত্ব ও আগ্রাসনের উপস্থিতি" মুছে গেলে-ই নেওয়া হবে। বার্তা সংস্থা এএফপি-র প্রতিবেদনে বলা হয়েছে, ইসরাইল কয়েক মাস ব্যাপী যুদ্ধের পর পরিস্থিতি স্থায়ীভাবে শান্ত করার বিনিময়ে দাবি করেছে হামাসকে নিরস্ত্র হতে হবে। যুক্তরাষ্ট্রও তাদের প্রস্তাবিত ২০ দফা পরিকল্পনা বাস্তবায়নের পূর্বশর্ত হিসেবে অস্ত্র সমর্পণের কথা বলেছে। কিন্তু

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীর ফায়ার ফাইটার পেলেন কৃতিত্ব পুরস্কার

নিজস্ব প্রতিবেদক.গাংনী

মেহেরপুরের গাংনীর কৃতি সন্তান ফায়ার ফাইটার মো. ইসানকে অপারেশনাল কাজে বিশেষ দক্ষতা প্রদর্শনের স্বীকৃতি হিসেবে ইনসিগ্নিয়া ও সার্টিফিকেট পুরস্কার প্রদান করা হয়েছে। ফায়ার ফাইটার মো. ইসান গাংনী পৌরসভার ৭নং ওয়ার্ডের ভিটাপাড়া এলাকার রফিকুল ইসলামের ছেলে। স্থানীয়রা তাকে সততার পাশাপাশি তার

২-এর পৃষ্ঠা দেখুন

## পুতিনকে মনোযোগ ঘোরাতে বলেছেন ট্রাম্প

সূর্যোদয় প্রতিবেদন

রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন সম্প্রতি ঘোষণা দিয়েছেন যে তাদের নতুন প্রজন্মের পারমাণবিক শক্তিচালিত ক্রুজ ক্ষেপণাস্ত্র 'বুরেভেস্তনিক' সফলভাবে পরীক্ষা চালানো হয়েছে। সীমাহীন পাল্লার এই ক্ষেপণাস্ত্র নিয়ে বিশ্বজুড়ে আলোচনা ছড়ালেও মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বিষয়টি এড়িয়ে গিয়ে পুতিনকে এক ভিন্ন পরামর্শ দিয়েছেন ক্ষেপণাস্ত্র নয়, ইউক্রেন যুদ্ধের অবসানেই মনোযোগ দেওয়া উচিত। রোববার এয়ার ফোর্স ওয়ান বিমানে থাকা অবস্থায় সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ট্রাম্প বলেন, "তার (পুতিনের) উচিত যুদ্ধটা শেষ করা। যে যুদ্ধ

২-এর পৃষ্ঠা দেখুন

## দুর্নীতি প্রতিরোধে চুয়াডাঙ্গাবাসীকেই এগিয়ে আসতে হবে: দুদক চেয়ারম্যান

নিজস্ব প্রতিবেদক.চুয়াডাঙ্গা



নিজ জেলার দুর্নীতি প্রতিরোধে চুয়াডাঙ্গাবাসীকেই অগ্রণী ভূমিকা রাখার আহ্বান জানিয়েছেন দুর্নীতি দমন কমিশনের (দুদক) চেয়ারম্যান ড. মোহাম্মদ আবদুল মোমেন। গতকাল সোমবার সকালে চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সাহিত্য মঞ্চে অনুষ্ঠিত

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক

### অনুবাক্য

**মামুনুর রশিদ মামুন**

**খবর: (ক্লিনিক ব্যবসার মরণ ফাঁদ)**

যাচ্ছে কল্পনা চিকিৎসা নিতে
ধরল দালাল চেপে হাত
হাসপাতাল ছেড়ে ক্লিনিকে
হলো কল্পনার সর্বনাশ।
হাসপাতাল হল অট্টলিকা
ঔষধ থাকে কম
ক্লিনিক গুলো ফাঁদ পেতেছে
দালালরায় এখন হলো সব।
হাসপাতাল ঘিরে আছে দালাল
রোগী ঢোকার উপায় নাই
যত টেস্ট হবে বাহিরে
কমিশন বাণিজ্য তারি চায় ।
এইভাবে চলতে থাকলে
হাসপাতাল হবে অচল
বছর দুয়েক পার হলেই
চরবে গরু ছাগল।




## আনসার ভিডিপি ব্যাংকের গ্রাহক সভা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংকের উদ্যোগে গ্রাহক সেবা সপ্তাহ ২০২৫ উপলক্ষে এক গ্রাহক সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার দুপুরে সদর উপজেলার আমঝুপি মিলনায়তনে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন সদর উপজেলা আনসার ভিডিপি উন্নয়ন

২-এর পৃষ্ঠা দেখুন

## শাটডাউনে যুক্তরাষ্ট্রে বন্ধ হচ্ছে খাদ্য সহায়তা

সূর্যোদয় প্রতিবেদন

চলমান সরকারি অচলাবস্থার (শাটডাউন) কারণে আগামী নভেম্বর থেকে যুক্তরাষ্ট্রে প্রায় ৪ কোটিরও বেশি মানুষ খাদ্য সহায়তা থেকে বঞ্চিত হতে পারেন বলে জানিয়েছে মার্কিন কৃষি বিভাগ। এ অবস্থায় দেশজুড়ে নিম্নআয়ের পরিবারগুলোর মধ্যে চরম উদ্বেগ ছড়িয়ে পড়েছে। মার্কিন সরকারের সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (এসএনএপি) বহু পরিবারকে নিত্যপ্রয়োজনীয় খাদ্য কেনায় সহায়তা করে থাকে। কিন্তু শাটডাউনের ফলে এই কার্যক্রম

২-এর পৃষ্ঠা দেখুন



## জামায়াতে ইসলামী প্রার্থী তাজউদ্দিনের গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সদর উপজেলার পিরোজপুর গ্রামে গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার বিকেলে পিরোজপুর গ্রামের বিভিন্ন সড়ক ও বাজার এলাকায় এ গণসংযোগ পরিচালনা করা হয়। গণসংযোগে নেতৃত্ব দেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা

২-এর পৃষ্ঠা দেখুন

সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
■ অথেনটিক প্রোডাক্ট
■ সেরা দাম
■ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক, মেহেরপুর
হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১
আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।
বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইলবিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ মঙ্গলবার ॥ ১২ কার্তিক ১৪৩২ বাংলা ॥ ২৮ অক্টোবর ২০২৫ইং

# ঐক্যে দেওয়া হচ্ছে গুরুত্ব বিশৃঙ্খলায় কঠোর ব্যবস্থা

সূর্যোদয় প্রতিবেদন

আগামী জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে দলীয় প্রস্তুতির চূড়ান্ত পর্যায়ে গেছে বিএনপি। প্রতিটি আসনে সম্ভাব্য প্রার্থীদের সাক্ষাৎকার ও মাঠপর্যায়ের জরিপ শেষে এখন মনোনয়নপ্রত্যাশীদের সঙ্গে বৈঠক করছে দলের হাইকমান্ড। এসব বৈঠকে ঐক্য, শৃঙ্খলা ও নির্বাচনী প্রস্তুতির ওপর জোর দেওয়া হচ্ছে। রোববার (২৬ অক্টোবর) চট্টগ্রাম, রংপুর, কুমিল্লা, ফরিদপুর ও ময়মনসিংহড়এই পাঁচ সাংগঠনিক বিভাগের মনোনয়নপ্রত্যাশীদের সঙ্গে ভার্চুয়ালি বৈঠক করেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। গুলশানে বিএনপি চেয়ারপারসনের কার্যালয়ে অনুষ্ঠিত ওই বৈঠকে উপস্থিত ছিলেন দলের মহাসচিব, স্থায়ী কমিটির সদস্য এবং সিনিয়র যুগ্ম মহাসচিব। আজ সোমবার আরও পাঁচটি বিভাগের মনোনয়নপ্রত্যাশীদের সঙ্গে বৈঠক হওয়ার কথা রয়েছে। বৈঠকে দলীয় ঐক্যের ওপর গুরুত্ব দিয়ে তারেক রহমান বলেন, "এবারের রাজনৈতিক ও নির্বাচনী প্রেক্ষাপট অতীতের চেয়ে ভিন্ন। সবাইকে দলীয় প্রার্থীর পক্ষে সর্বোচ্চ শক্তি নিয়ে মাঠে নামতে হবে। জনগণের আস্থা অর্জন করতে হবে।"

তিনি আরও সতর্ক করেনড়কেউ মনোনয়ন পেলে এলাকায় মিষ্টি বিতরণ বা উচ্ছ্বাস প্রকাশের নামে এমন কোনো কর্মকাণ্ড করা যাবে না, যাতে অন্য মনোনয়নপ্রত্যাশীরা মানসিকভাবে কষ্ট পান। একই সঙ্গে শৃঙ্খলাবিরোধী কর্মকাণ্ড ঘটালে তাৎক্ষণিক সাংগঠনিক ব্যবস্থা নেওয়ারও নির্দেশ দেন তিনি। বৈঠকে উপস্থিত সূত্র জানায়, দুই-তৃতীয়াংশ আসনে ইতিমধ্যে একক প্রার্থী প্রায় চূড়ান্ত করা হয়েছে। বাকি আসনগুলোতে মূল্যায়ন চলছে। তারেক রহমান সকল মনোনয়নপ্রত্যাশীকে আহ্বান জানিয়েছেন দল যাকে মনোনয়ন দেবে, তাঁর পক্ষে ঐক্যবদ্ধভাবে মাঠে নামার জন্য। বৈঠকে অংশ নেওয়া রংপুর, ময়মনসিংহ ও ফরিদপুর বিভাগের কয়েকজন মনোনয়নপ্রত্যাশী জানিয়েছেন, কেন্দ্রের নির্দেশনার ফলে তৃণমূল পর্যায়ে নতুন উদ্দীপনা তৈরি হয়েছে। অনেক এলাকায় এখন

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## ত্বকের যত্নে কমলার খোসা

সূর্যোদয় প্রতিবেদন

শীতে ত্বকের ওপর অনেক বেশি প্রভাব পড়ে। কারণ এ সময় আবহাওয়ার সঙ্গে ত্বকের অনেক পরিবর্তন আসে। ত্বক শুষ্ক হয়ে যায়। তাই ত্বকে চাই বাড়তি যত্ন। অনেক সময় দেখা যায় নিয়মিত ময়েশ্চারাইজার ব্যবহারের পরও নিষ্প্রাণ হয়ে পড়ে ত্বক। তবে আপনি জানেন কী? ত্বকের শুষ্কতা দূর করতে পারে কমলার খোসা। কমলার খোসা রোদে শুকিয়ে গুঁড়া করে ব্যবহার করতে পারেন। এই গুঁড়া ব্যবহার করুন বিভিন্ন ফেসপ্যাকে।

আসুন জেনে নিই কীভাবে ব্যবহার করবেন কমলার খোসা- রোদে পোড়া দাগ দূর করতে ২ টেবিল চামচ কমলার খোসা গুঁড়া, কয়েক ফোঁটা লেবুর রস, ১ টেবিল চামচ চন্দন গুঁড়া মিশিয়ে পেস্ট তৈরি করুন। মিশ্রণটি ত্বকে লাগিয়ে রাখুন। ৩০ মিনিট পর ধুয়ে ফেলুন। কমলার খোসার সঙ্গে মসুরের ডাল বেটে ত্বকে লাগিয়ে রাখুন না শুকানো পর্যন্ত। ব্রণের সমস্যায় খুব ভালো কাজ করে কমলার খোসা। একটি কমলার খোসা ১ কাপ পানিতে সিদ্ধ করে সেই পানি দিয়ে মুখ ধুয়ে নিন। নিয়মিত এভাবে মুখ ধুলে উপকার পাবেন। ৪. কমলার খোসায় রয়েছে অ্যান্টি-মাইক্রোবিয়াল, অ্যান্টি-ইনফ্লেমেটরি ও অ্যান্টি-ফাঙ্গাল উপাদান। ত্বকের কালচে দাগ দূর করতে কমলার খোসা, হলুদ ও মধু একসঙ্গে মিশিয়ে প্যাক

৩-এর পৃষ্ঠা দেখুন



## সদর উপজেলা ভূমি অফিসে সম্প্রসারণ কক্ষ উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলায় সহকারী কমিশনার (ভূমি) অফিসের সম্প্রসারণ কক্ষ উদ্বোধন করা হয়েছে। সোমবার সকালে জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নামফলক উন্মোচন এবং ফিতা কেটে কক্ষটি আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম, সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুমাইয়া জাহান ঝুরকা প্রমুখ উপস্থিত ছিলেন। পরে জেলা প্রশাসক ড. আবদুল ছালাম ভূমি অফিস প্রাঙ্গনে একটি গাছে চারা রোপণ করেন।

## নিজেকে রাজনৈতিক কর্মী ভাবা যাবে না: পুলিশকে স্বরাষ্ট্র উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

নিজেকে কোনো রাজনৈতিক দলের কর্মী হিসেবে ভাবা যাবে নাড় এমন নির্দেশনা দিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী। তিনি বলেছেন, সামনে জাতীয় নির্বাচনকে কেন্দ্র করে রাজনৈতিক দলগুলোর মধ্যে সংলাপ শুরু হয়েছে। এ সময়ে পুলিশ সদস্যদের নিরপেক্ষ থেকে দায়িত্ব পালন করতে হবে। সোমবার (২৭ অক্টোবর) পুলিশ হেডকোয়ার্টার্সের 'হল অব প্রাইড'-এ বাংলাদেশ পুলিশের আয়োজিত বিশেষ অপরাধ পর্যালোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন স্বরাষ্ট্র উপদেষ্টা। সভায় সভাপতিত্ব করেন পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) বাহারুল আলম। সিআইএসসিও ভিডিও কনফারেন্সের মাধ্যমে দেশের সব রেঞ্জের ডিআইজি,

৩-এর পৃষ্ঠা দেখুন




## কুষ্টিয়ায় নিয়োগ পরীক্ষায় অনিয়ম দুদক-স্বাস্থ্য বিভাগের তদন্ত শুরু

নিজস্ব প্রতিবেদক

কুষ্টিয়া সিভিল সার্জন কার্যালয়ে বিভিন্ন পদে জনবল নিয়োগ পরীক্ষায় অনিয়মের অভিযোগে দুদক ও স্বাস্থ্য বিভাগ আজ সোমবার তদন্ত শুরু করেছে।

গতকাল সোমবার দুপুরে দুদক ও স্বাস্থ্য বিভাগের প্রতিনিধি কার্যালয়ে এসে সিভিল সার্জন শেখ মো. কামাল হোসেন, আরএমও হোসেন ইমামসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে কথা বলেন। এ সময় দুদক কর্মকর্তারা মোবাইল ফোন জব্দ করেন। পরিস্থিতি উত্তপ্ত হওয়ায় আরএমও হোসেন ইমাম কার্যালয়ে আবদ্ধ থাকেন। নিজ অবস্থান স্পষ্ট করার পরও বিক্ষুব্ধ ছাত্র-জনতা তাকে লক্ষ্য করে ডিম ছুড়ে মারেন। তিনি পরে আবার অফিসে আশ্রয় নেন। গত শুক্রবার ১১৫টি শূন্য পদে নিয়োগ পরীক্ষা হয়। ১৬ হাজার ৭৮৯ জন পরীক্ষার্থী অংশ নেন। কিন্তু

৩-এর পৃষ্ঠা দেখুন

## এনসিপিকে শাপলা নয়, অন্য প্রতীক দেবে নির্বাচন কমিশন: ইসি সচিব

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক পার্টিকে (এনসিপি) শাপলা প্রতীক দেওয়া হবে না বলে জানিয়েছেন নির্বাচন কমিশনের (ইসি) সিনিয়র সচিব আখতার আহমেদ। তিনি বলেছেন, ইসি বিধিমালায় শাপলা প্রতীক না থাকায় তা বরাদ্দের সুযোগ নেই। কমিশন নিজস্ব বিবেচনায় অন্য একটি প্রতীক নির্ধারণ করে শিগগিরই গণবিজ্ঞপ্তি জারি করবে। সোমবার (২৭ অক্টোবর) রাজধানীর আগারগাঁওয়ের নির্বাচন ভবনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব তথ্য জানান ইসি সচিব। আখতার আহমেদ বলেন, "কর্মপরিকল্পনা অনুযায়ী আমরা এখনো দুটি বিষয়ে কিছুটা পিছিয়ে আছিড় একটি রাজনৈতিক দলের নিবন্ধন এবং অন্যটি পর্যবেক্ষক সংস্থার নিবন্ধন। মাঠপর্যায় থেকে নতুন

৩-এর পৃষ্ঠা দেখুন




## বিএনপি'র মনোনয়নপ্রত্যাশীদে বৈঠকে ঐক্যর ডাক

নিজস্ব প্রতিবেদক

আগামী জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে মাঠ প্রস্তুতি শুরু করেছে বিএনপি। দলের উদ্যোগে প্রতিটি আসনের সম্ভাব্য প্রার্থীদের সাক্ষাৎপর্ব শেষ করা হয়েছে, এবং এখন শুরু হয়েছে মনোনয়নপ্রত্যাশীদের সঙ্গে দলের হাইকমান্ডের বৈঠক। গতকাল সোমবার খুলনা বিভাগের সঙ্গে আরও চারটি বিভাগের মনোনয়নপ্রত্যাশীদের সঙ্গে বৈঠক করেন তারেক রহমান। এর আগে গত রোববার পাঁচ সাংগঠনিক বিভাগের মনোনয়নপ্রত্যাশীদের সঙ্গে বৈঠক করেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। বৈঠকে আসনকেন্দ্রিক প্রার্থীর পক্ষে ভোটের মাঠে সক্রিয় ভূমিকা রাখার নির্দেশ দেওয়া হয়েছে। একই সঙ্গে দলীয় ঐক্য বজায় রেখে 'ধানের শীষ' প্রতীকের মাধ্যমে নির্বাচনী প্রস্তুতি সম্পন্ন করার তাগিদ দেওয়া হয়েছে। শৃঙ্খলাবিরোধী কর্মকাণ্ডে তাৎক্ষণিক সাংগঠনিক ব্যবস্থার

৩-এর পৃষ্ঠা দেখুন




## যারা জনগণের ভোটে বিশ্বাসী নয়, তারা গণভোটকে ভয় পায়: জামায়াত

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ জামায়াতে ইসলামের নায়েবে আমির অধ্যাপক মুজিবুর রহমান বলেছেন, যারা জনগণের ভোটে বিশ্বাসী নয়, তারাই গণভোটকে ভয় পায়। তিনি বলেন, গণভোট আয়োজনে অন্তর্বর্তীকালীন সরকারের সহযোগিতা বাধাগ্রস্ত করা হচ্ছে সংবিধানের

৩-এর পৃষ্ঠা দেখুন

## সাড়ে তিন কোটি টাকা প্রাইজমানি পেল বাংলাদেশ নারী দল

সূর্যোদয় প্রতিবেদন

২০২৫ সালের নারী ওয়ানডে বিশ্বকাপে অংশ নেওয়া বাংলাদেশ দল শুধুমাত্র একটি ম্যাচ জিতে আসরে বিদায় নিয়েছে। তবে সেই এক জয়ই তাদের জন্য বিরাট প্রাইজমানির উৎস হয়ে দাঁড়িয়েছে। টুর্নামেন্টে অংশগ্রহণ ও গ্রুপ পর্বে পাকিস্তানের বিপক্ষে পাওয়া একমাত্র জয়ের সুবাদে বাংলাদেশ নারী ক্রিকেট দল এবার ৩ কোটি ৪৩ লাখ ৫৬ হাজার টাকা প্রাইজমানি পাচ্ছে। বাংলাদেশ দলের অধিনায়িকা নিগার

৩-এর পৃষ্ঠা দেখুন



## ক্যাচ ধরতে গিয়ে মারাত্মক চোটে আইসিইউতে শ্রেয়াস আইয়ার

সূর্যোদয় প্রতিবেদন

অস্ট্রেলিয়ার বিপক্ষে সিডনিতে তৃতীয় ও শেষ ওয়ানডে ম্যাচে ফিল্ডিং করতে গিয়ে গুরুতরভাবে আহত হয়েছেন ভারতের তারকা ব্যাটার ও ওয়ানডে দলের সহ-অধিনায়ক শ্রেয়াস আইয়ার। শনিবার ম্যাচ চলাকালীন এই দুর্ঘটনা ঘটে। ঘটনাটি ঘটে অস্ট্রেলিয়ার উইকেটকিপার অ্যালেক্স ক্যারিকে আউট করার সময়। ব্যাকওয়ার্ড পয়েন্ট থেকে

৩-এর পৃষ্ঠা দেখুন

## ভারত-চীন সরাসরি ফ্লাইট চালু, উচ্ছ্বসিত কলকাতার যাত্রীরা

সূর্যোদয় প্রতিবেদন

দীর্ঘ পাঁচ বছর পর আবারও চালু হলো ভারত ও চীনের মধ্যে সরাসরি বিমান চলাচল। রোববার (২৬ অক্টোবর) রাত ১০টায় কলকাতার নেতাজি সুভাষচন্দ্র বসু আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ইন্ডিগোর ফ্লাইট (৬ই১৭০৩) ১৭৬ জন যাত্রী নিয়ে চীনের গুয়াংজু-র উদ্দেশে রওনা দেয়। এ দিয়ে দুই প্রতিবেশী দেশের কূটনৈতিক ও বাণিজ্যিক সম্পর্কের নতুন অধ্যায় সূচিত হলো। ইন্ডিগোর পক্ষ থেকে জানানো হয়েছে, কলকাতাগুয়াংজু রুটে এখন থেকে নিয়মিত ফ্লাইট চলবে।

৩-এর পৃষ্ঠা দেখুন

✨ জামান বস্ত্রালয় ✨
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার-কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044

প্রযুক্তি

## তরুণদের লাইফস্টাইলে ডিজিটাল হাব

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশের তরুণ প্রজন্মের কাছে এআই হাব হিসেবে বিশেষ পরিচিতি পেয়েছে কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তিনির্ভর ডিজিটাল লাইফস্টাইল ব্র্যান্ড রাইজ। আইসিটিকে (এআই) কাজে লাগিয়ে এই প্ল্যাটফর্ম তারুণ্যের সৃষ্টি ও আত্মপ্রকাশের নতুন সম্ভাবনা উন্মোচন করেছে। গত বছর স্থানীয় অপারেটর এই প্ল্যাটফর্মের ঘোষণা করে। দ্রুতই তরুণ প্রজন্মের কাছে এই ডিজিটাল হাব সহযাত্রী হয়েছে। এখানে প্রযুক্তি শুধুই একটি মাধ্যম নয়, বরং স্বপ্নপূরণের সারথি। ভবিষ্যতের প্রযুক্তিনির্ভর পরিবেশের জন্য তরুণদের যোগ্য করে তুলতে নিজেদের লক্ষ্যের সঙ্গে সামঞ্জস্য রেখে কয়েকটি টুলস নিয়ে এসেছে ডিজিটাল লাইফস্টাইল প্যাক



রাইজ। যার এআই টুলসের মাধ্যমে কথা বলার দক্ষতা থেকে শুরু করে চাকরির উপযোগী সিভি তৈরি করা যায়। অগ্রসর ও সক্রিয় গ্রাহক নিয়ে এই প্ল্যাটফর্মের যাত্রা

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্তিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ



এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন).
সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেস্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন রাত মানবিক সেবার নিশ্চয়তা
কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে (আসিফ প্লাজা ২ য় তলা)
সিরিয়ালের জন্য : ০১৭৫৭-৮২৮২৭৮
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল



এমবিবিএস,বিসিএস(স্বাস্থ্য) এফ.সি.পি.এস (ইউরোলজি) ,এম.স (ইউরোলজি)বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন
কিডনী, মুত্রথলী, মুত্রনালী, প্রোস্টেট গ্রান্থি, অন্ডেকোষ, পুরুষ প্রজাননতন্ত ও ফিমেল ইরোলজি বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখোর সময় : দুপুর ২ টা হতে রাত ৮ টা
শনি ও রবিবার

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

## ত্বকের যত্নে কমলার খোসা

(শেষ পৃষ্টার পর)
বানিয়ে ত্বকে লাগান। ১ টেবিল চামচ কমলার খোসা গুঁড়া, ১ টেবিল চামচ হলুদ ও ১ টেবিল চামচ মধু মিশিয়ে নিন। মিশ্রণটি ত্বকে লাগান। ১০ মিনিট পর গোলাপজল দিয়ে ত্বক ধুয়ে নিন। ত্বকের শুষ্কতা থেকে বাঁচতে কমলার খোসা ও টক দইপ্যাক হিসাবে ব্যবহার করুন। ১ টেবিল চামচ টক দই, ১ টেবিল চামচ কমলার খোসার গুঁড়া মিশিয়ে ত্বকে লাগান। ২০ মিনিট রেখে ধুয়ে ফেলুন।

## ঐক্যে দেওয়া হচ্ছে গুরুত্ব বিশৃঙ্খলায়

(শেষ পৃষ্টার পর)
নেতাকর্মীরা দলীয় পতাকা হাতে নিয়ে গণসংযোগ, উঠান বৈঠক ও ঘরে ঘরে বিএনপির ঘোষিত ৩১ দফা কর্মসূচি প্রচারে নেমেছেন। চট্টগ্রাম-৩ (সন্দ্বীপ) আসনের মনোনয়নপ্রত্যাশী রফী উদ্দিন ফয়সাল বলেন, "আমাদের আসন থেকে সাতজনকে বৈঠকে ডাকা হয়েছিল। সবাইকে দলীয় প্রার্থীর পক্ষে ঐক্যবদ্ধভাবে কাজ করার নির্দেশনা দিয়েছেন ভারপ্রাপ্ত চেয়ারম্যান। ধানের শীষের প্রার্থীকে বিজয়ী করতে আমরা সবাই মাঠে থাকব।" চট্টগ্রাম-১২ (পটিয়া) আসনের মনোনয়নপ্রত্যাশী সৈয়দ সাদাত আহমেদ বলেন, "দলীয় সিদ্ধান্ত মেনে ঐক্যের গুরুত্বের কথা বলা হয়েছে। আমাকে গুম করা হয়েছিল, নানা নির্যাতন সহ্য করেছিড়তবু দলীয় সিদ্ধান্তের বাইরে যাব না।" আজ সোমবার ঢাকা, রাজশাহী, খুলনা, বরিশাল ও সিলেট বিভাগের মনোনয়নপ্রত্যাশীদের সঙ্গে বৈঠক করবেন তারেক রহমান। এ বৈঠকে সমর্থকদের গুলশান কার্যালয় বা আশপাশের এলাকায় সমবেত না করারও নির্দেশনা দেওয়া হয়েছে। সিলেট বিভাগের সাংগঠনিক সম্পাদক জি কে গউছ বলেন, "দলীয় মনোনয়ন না পেলেও আমরা ভারপ্রাপ্ত চেয়ারম্যানের নির্দেশনা মেনে ঐক্যবদ্ধ থাকব।" ঝালকাঠি-১ আসনের মনোনয়নপ্রত্যাশী হাবিবুর রহমান সেলিম রেজা বলেন, "ধানের শীষের প্রার্থী হিসেবে মনোনয়ন পেলে আমরা ঐক্যবদ্ধভাবে মাঠে থেকে বিজয় উপহার দেব।"

## তরুণদের লাইফস্টাইলে

(শেষ পৃষ্টার পর)
বাংলাদেশের ডিজিটাল রূপান্তরে নতুন প্রয়াস। এখানে কৃত্রিম বুদ্ধিমত্তা শুধু বাড়তি সুবিধাই নয়, সৃজনশীল সহযোগী হিসেবে তরুণ প্রজন্মের নিজেদের স্বনির্ভর আত্মপ্রকাশের মাধ্যম হিসেবে কাজ করবে। নতুন প্রকাশ করা ফিচারের মধ্যে রয়েছে ভোকালাইজ, যা দেশীয় এআই স্পিকিং কোচ। এটি উচ্চারণ ও টোনকে পরিশীলিত করতে সহায়তা করছে। ফলে তরুণরা সাক্ষাৎকার, ক্লাস বা উপস্থাপনার আগে নিজেদের প্রস্তুত করে নিতে পারছেন। অন্যদিকে, রাইজের সিভি-রাইজার ফিচার কয়েক মিনিটের মধ্যে সিভি তৈরি করতে সক্ষম। অ্যাভাটারাইজ ফিচার ব্যক্তিত্ব ও স্টাইল অনুযায়ী ডিজিটাল অ্যাভাটার তৈরি করে। এই প্ল্যাটফর্মের এআই টুলস একসঙ্গে লক্ষাধিক গ্রাহককে নিজেদের প্রকাশে ও অনলাইনে তাদের পেশাদার উপস্থিতি তৈরিতে সহায়তা করে। বাংলালিংকের চিফ ডিজিটাল অফিসার গোলাম কিবরিয়া বলেন, বাংলাদেশের তরুণরা শুধু কানেক্টিভিটিই নয়; বরং এমন সুযোগের খোঁজে, যা স্বপ্ন দেখতে, সাহসের সঙ্গে এগিয়ে যেতে ও ডিজিটাল স্পেসে নিজেদের সম্ভাবনাকে বাস্তবে রূপ দেবে। উদ্যোক্তারা বলেন, উদ্ভাবিত প্যাকের মাধ্যমে প্রযুক্তিগত সেবার বাইরে গিয়ে এমন প্ল্যাটফর্ম তৈরি করেছি, যার মাধ্যমে এআইনির্ভর তরুণরা তাদের মেধা প্রকাশ করতে পারবেন। কারণ, যখন তরুণ প্রজন্ম জাগ্রত হয়, তখন পুরো দেশ এগিয়ে যায়। তরুণদের দক্ষতা উন্নয়নে এই প্ল্যাটফর্মের সামারাইজ, গ্রামারাইজ ও রিউরাইজ তিনটি টুলসের মাধ্যমে পড়াশোনা ও লেখার কাজ দ্রুত ও সহজ হয়েছে। অন্যদিকে, শিক্ষার্থীর সময় বাঁচিয়ে কাজের মানোন্নয়নে সহায়ক হয়।

## জামায়াত

(শেষ পৃষ্টার পর)
দোহাই দিয়ে। সোমবার দুপুরে শহীদদের পরিবারের সঙ্গে মতবিনিময় সভায় অধ্যাপক মুজিবুর রহমান বলেন, বর্তমান নির্বাচনের বিদ্যমান পদ্ধতি সরকারকে স্বৈরাচারী করে এবং জনগণের সরকার গঠিত হয় না। তিনি বলেন, বাংলাদেশে পিআর (প্রতিনিধি অনুপাত) পদ্ধতিতে নির্বাচন হলে বহুদলীয় সংসদ ব্যবস্থা প্রতিষ্ঠিত হবে এবং একক কোনো দল স্বৈরাচারী হতে পারবে না। তিনি ২০০৬ সালের ২৮ অক্টোবর আওয়ামী লীগের লগি-বৈঠার ঘটনায় জামায়াত-শিবিরের ১৪ জনকে হত্যা ও লাশের ওপর নৃত্য করার কথা উল্লেখ করে, সব হত্যাকাণ্ডের বিচার দাবি করেন। সভায় অন্যান্য বক্তব্যে জামায়াতের কেন্দ্রীয় ও মহানগরী নেতারা বলেন, শহীদ পরিবার ও আহতদের পুনর্বাসন ও আর্থিক সহায়তা নিশ্চিত করতে হবে। পাশাপাশি বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার জন্য নবীন প্রজন্মের উৎসর্গ প্রয়োজনীয় বলে তারা মনে করেন। সভায় জামায়াতের কেন্দ্রীয় ও মহানগরী পর্যায়ের নেতৃবৃন্দ এবং শহীদ পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।

## সাড়ে তিন কোটি টাকা প্রাইজমানি

(শেষ পৃষ্টার পর)
সুলতানা বলেন, পাকিস্তানের বিপক্ষে জিতেই আমরা নিজেদের সাহসীভাবে দেশে ফিরছি। এটি আমাদের জন্য খুবই গুরুত্বপূর্ণ।" এই টুর্নামেন্টে মোট প্রাইজমানি ১৬৮ কোটি ১৫ লাখ টাকা, যা মেয়েদের ওয়ানডে ইতিহাসে সর্বোচ্চ। গত ২০২৩ সালের পুরুষ ওয়ানডে বিশ্বকাপের মোট প্রাইজমানি ছিল ১২১ কোটি ৭৪ লাখ টাকা, অর্থাৎ এবারের নারী বিশ্বকাপের প্রাইজমানি তার থেকেও বেশি। ২০২২ সালের নারী বিশ্বকাপের তুলনায় এবার প্রাইজমানি বেড়েছে ২৯৭ শতাংশ। আগামী ২ নভেম্বরের ফাইনালে বিজয়ী দল পাবেন ৫৪ কোটি ২৬ লাখ টাকা, যা মেয়েদের ফুটবলের বিশ্বচ্যাম্পিয়ন দলের চেয়ে ২ কোটি ২৯ লাখ টাকা বেশি। গ্রুপ পর্বে একটি জয় পাওয়ায় বাংলাদেশ দল পাচ্ছে ৪১.৫৬ লাখ টাকা, সঙ্গে অংশগ্রহণের জন্য প্রাপ্ত ৩ কোটি ২ লাখ টাকা। এই দুই মিলিয়ে বাংলাদেশ দল ৩ কোটি ৪৩ লাখ ৫৬ হাজার টাকা প্রাইজমানি নিশ্চিত করেছে। এবারের বিশ্বকাপে বাংলাদেশ দলের পারফরম্যান্স অর্থনৈতিক দিক থেকে উল্লেখযোগ্য সাফল্য বয়ে এনেছে, যা ভবিষ্যতের আন্তর্জাতিক আসরে তাদের জন্য প্রেরণা হিসেবে কাজ করবে।

### হারিয়েছে
আমি মোছাঃ জোবেরা তাবাসসুম জেবা , পিতা: মীর জাহাঙ্গীর আলম , মাতা : মোছাঃ রেহেনা বেগম। আমার এস.এস.সি সনদপত্র হারিয়ে গেছে। এস.এস.সি রোল নং- ১৩০৭৮৯, রেজি: নং- ১৭১৩২২৭৩৭৮, বোর্ড: যশোর। হারানো মর্মে সদর থানায় একটি জি.ডি করা হয়েছে। যাহার জি.ডি নং- ১৩৪৯, তারিখ: ২৬/১০/২০২৫।

### কিমিয়া ফার্মেসি এন্ড দাওয়াখানা
হাকীম (ডাঃ) মোঃ মোজাফফর হোসেন (জাফর)
হাকীম (ডাঃ) মিসেস সেলিনা সুলতানা
ঢাকা ইউনানী মেডিকেল কলেজ হতে ইউনানী মেডিসিনের উপর ফাস্ট ক্লাস ডিগ্রী প্রাপ্ত
রোগী দেখার সময়:
প্রত্যহ সকাল ৮ টা হইতে সন্ধ্যা ৬টা পর্যন্ত।
বাঁশবাড়িয়া পশ্চিমপাড়া,গাংনী, মেহেরপুর
কুষ্টিয়া টু মেহেরপুর রোডে (গাংনী পৌরসভা পিলারের সামনে)মোবাইলঃ ০১৭১২-৫৩১২৫১, ০১৯৪৭৫২৯৭৭৮

### ভাস্কর ডেন্টাল সার্জারী
টি এন্ডটি রোর্ড,এশিয়ানেট মোড়, বড়বাজার , মেহেরপুর
ডি,এন ভাস্কর (মানস)
(ডেন্টাল টেকনোলজিস্ট)
ডিএমডিটি (ঢাকা) এমএফটি (ডেন্টাল), খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল
রোগী দেখার সময় :
সকাল : ৯টা – দুপুর ২টা, বিকাল : ৫টা – রাত ৯টা
(প্রতিদিন খোলা)
০১৬৭১-৫৮৫২৩২, ০১৯২০-৬৯৪৫৩২
অত্যাধুনিক যন্ত্রপাতি জীবাণুমুক্ত পরিবেশসহ দাঁতের চিকিৎসা করা হয়। রুট ক্যানেল , কসমেটিক ফিলিং দাঁত তোলা সহ সকল প্রকার দাঁতের চিকিৎসা করা হয়।

## ভারত-চীন সরাসরি ফ্লাইট চালু

(শেষ পৃষ্টার পর)
এছাড়া আগামী ৯ নভেম্বর থেকে দিল্লিগুয়াংজু রুটেও সরাসরি ফ্লাইট চালু হবে। এর আগে কলকাতা থেকে চীনে যাত্রার জন্য যাত্রীদের বাংলাদেশ বা অন্যান্য দেশের মাধ্যমে ট্রানজিট নিতে হতো। ফলে ভ্রমণ সময়সাপেক্ষ ও ব্যয়সাধ্য ছিল। নতুন ফ্লাইট চালুর ফলে যাত্রীরা মাত্র সাড়ে তিন ঘণ্টায় চীনের গুয়াংজু পৌঁছাতে পারবেন। রোববার রাতে প্রদীপ জ্বালিয়ে এই নতুন রুটের উদ্বোধন করেন কলকাতা বিমানবন্দরের পরিচালক পিআর বেউরিয়া। তিনি বলেন, "এই ফ্লাইট কেবল দুই দেশের মধ্যে সংযোগই বাড়াবে না, বরং বাণিজ্য, শিক্ষা ও পর্যটনেও নতুন সম্ভাবনার দ্বার খুলবে।" প্রথম ফ্লাইটের যাত্রীদের মধ্যে ছিল উচ্ছ্বাসের ঢেউ। যাত্রী দীপ্তি পোদ্দার বলেন, "কলকাতা থেকে সরাসরি চীনে যাওয়ার সুযোগ পেয়ে আমরা ভীষণ আনন্দিত। আগে প্রায় ২৪ ঘণ্টা সময় লাগতো, এখন মাত্র সাড়ে তিন ঘণ্টায় পৌঁছানো যাবে। ভাড়াও অর্ধেকের মতো কম।" আরেক নিয়মিত ব্যবসায়ী যাত্রী রাজিব পোদ্দার বলেন, "আমি ১৯৯৬ সাল থেকে চীনে যাচ্ছি। আগে যাত্রা করতে পুরো একদিন লেগে যেত। এখন সোজাসুজি উড়ে যাওয়া যাবে, আর খরচও প্রায় ৩০ হাজার রুপি। এতে সাধারণ মানুষও উপকৃত হবেন।" কূটনৈতিক সূত্রে জানা গেছে, কয়েক সপ্তাহ আগে সাংহাই কোঅপারেশন অর্গানাইজেশন (এসসিও) সম্মেলনের সময় ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং চীনের প্রেসিডেন্ট শি জিনপিং সরাসরি বিমান চলাচল পুনরায় চালুর বিষয়ে আলোচনা করেন। পরবর্তীতে দুই দেশের বেসামরিক বিমান পরিবহন মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী ২৬ অক্টোবর থেকে এই রুটে বিমান চলাচল শুরু হয়। নতুন এই সংযোগ দুই দেশের বাণিজ্য, পর্যটন ও জনগণের পারস্পরিক যোগাযোগে ইতিবাচক প্রভাব ফেলবে বলে আশা করা হচ্ছে।

## ক্যাচ ধরতে গিয়ে মারাত্মক চোটে

(শেষ পৃষ্টার পর)
দৌড়ে এসে অসাধারণ এক ক্যাচ ধরার সময় আইয়ার মাটিতে পড়ে বাম পাঁজরের নিচে মারাত্মক আঘাত পান। পরে তাঁর শরীরের গুরুত্বপূর্ণ সংকেত বিপজ্জনকভাবে কমে যায়। তীব্র যন্ত্রণায় তিনি কাতর হয়ে মাঠ ছেড়ে যান এবং সঙ্গে সঙ্গে সিডনির হাসপাতালে ভর্তি হন। সর্বশেষ খবর অনুযায়ী, তাঁকে আইসিইউতে রাখা হয়েছে। ভারতীয় ক্রিকেট বোর্ড (বিসিসিআই) জানিয়েছে, আঘাতে শ্রেয়াসের প্লিহা ছিঁড়ে গেছে, যার ফলে অভ্যন্তরীণ রক্তক্ষরণ শুরু হয়। প্লিহা শরীরের রক্ত সঞ্চয়, পুরনো রক্তকণিকা ফিল্টার এবং শ্বেত রক্তকণিকা তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। বিসিসিআই জানায়, প্লিহার ছিঁড়ে যাওয়ায় রক্তক্ষরণের কারণে জীবনহানির ঝুঁকি থাকতে পারে।
তবে বোর্ড জানিয়েছে, শ্রেয়াস স্থিতিশীল আছেন এবং ধীরে ধীরে সেরে উঠছেন। সিডনি ও ভারতের বিশেষজ্ঞদের পরামর্শে বিসিসিআই মেডিকেল টিম তাঁর চিকিৎসা পর্যবেক্ষণ করছে। এই ইনজুরির কারণে ভারতের মাটিতে ৩০ নভেম্বর শুরু হতে যাওয়া দক্ষিণ আফ্রিকার বিপক্ষে ওয়ানডে সিরিজে শ্রেয়াসের অংশগ্রহণ অনিশ্চিত হয়ে পড়েছে।

## বিএনপি'র মনোনয়নপ্রত্যাশীদে

(শেষ পৃষ্টার পর)
কথাও বলা হয়েছে। মেহেরপুর-১ আসন থেকে মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান, শিক্ষক-কর্মচারী ঐক্য জোটের মহাসচিব জাকির হোসেন ও কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সদস্য মাসুদ অরুণ বৈঠকে অংশগ্রহণ করেন। মেহেরপুর-২ (গাংনী) আসন থেকে মেহেরপুর জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন ও সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেন উপস্থিত ছিলেন। বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান জানান, যাকে মনোনয়ন দেওয়া হবে, তার সঙ্গে একসঙ্গে কাজ করতে দলীয় নির্দেশনা আছে। জাভেদ মাসুদ মিল্টন ও জাকির হোসেনও একই বক্তব্য জানিয়েছেন।

বিশ্বস্ত ও নির্ভরতায়.....সেই ১৯৮৪ সাল থেকে
প্রতিষ্ঠাতাঃ মরহুম বাবর আলী
মেসার্স আঃ মালেক ষ্টোর এন্ড মিষ্টান্ন ভান্ডার
ফল, কসমেটিকস্, বেবিফুড, ফাস্টফুড, ফ্রোজেনফুড,বেকারী, জন্মদিনের কেক, মুদি মালামাল, কাঁচা সবজি মিষ্টি ও দই সামগ্রী বিক্রেতা।
পরিচালনায় ঃ মোঃ আব্দুল মালেক
গাংনী বাজার বাসষ্ট্যান্ড, গাংনী, মেহেরপুর

### নাজ জুয়েলার্স
হাইস্কুল রোড, গাংনী বাজার, মেহেরপুর
বিশেষ অফার
২১ কে ও ২২ কে স্বর্ণের গহনাগুলো
গ্যারান্টি সহকারে
অনন্য ডিজাইন
সেরা মানের স্বর্ণ
আজই আসুন ও আপনার স্বপ্নের গহনা নির্বাচন করুন!
নাজ জুয়েলার্স – মান ও সৌন্দর্যের প্রতিশ্রুতি
প্রোপাইটার: হাজি মোঃ জাহিদুল আলম
মোবাইল: ০১৯২৩-৮৬২৮৬৯ | ০১৭১৮-৫৬০৩৬৮

### রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল
Robiul Islam Memorial Hospital
ডা: মোসা: নুরুন্নাহার বেগম — এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), গাইনী ও প্রসূতি চিকিৎসক ও সার্জন, উপ-পরিচালক (অবঃ), কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল। রোগী দেখার সময়ঃ প্রতি শনিবার সকাল ১১টা থেকে সন্ধ্যা পর্যন্ত
ডা: বি.ডি দাস (পিকলু) — এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), সি.এম.ইউ (আল্ট্রাসনো), গাইনী, মহিলা, গর্ভবতী ও সার্জারী রোগের চিকিৎসক। রোগী দেখার সময়ঃ প্রতিদিন বেলা ২:৩০ থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত
ডা:নাজনীন সুলতানা কনা — এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য), সি.সি.ডি (বারডেম), ডি.এম.ইউ, এ্যানেস্থেসিয়াতে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত, ডি জি ও, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, গাইনী ও প্রসূতি বিশেষজ্ঞ। রোগী দেখার সময়ঃ প্রতি শনিবার সকাল ১১টা থেকে সন্ধ্যা পর্যন্ত
ডা. মো: আব্দুল আল মারুফ — এম.বি.বি.এস (রাজশাহী মেডিকেল কলেজ), বি.সি.এস (স্বাস্থ্য), এফ.সি.পি.এস (শিশু) শেষ পর্ব, এম.এস (শিশু সার্জারী) কোর্স-বিএসএমএমইউ, সিসিডি (ডায়াবেটিস: বারডেম), পি.জি.পি.এন (শিশু পুষ্টি বোস্টন ইউনিভার্সিটি আমেরিকা), সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল (শিশু বিভাগ)। রোগী দেখার সময়ঃ প্রতি দিন বিকাল ৪.৩০ টা থেকে ৬ টা পর্যন্ত
ডাঃ অমিত কুমার বিশ্বাস — এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডি-অর্থো স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ (মিটফোর্ড হাসপাতাল)। রোগী দেখার সময়ঃ প্রতি বৃহস্পতিবার সকাল ১০টা থেকে বিকাল ৩টা পর্যন্ত
ডা: ইসরাত জেরিন — এম.বি.বি.এস, পি.জি.টি (গাইনী এন্ড অবস্), সি.এম.ইউ (আল্ট্রা), মহিলা ও মেডিসিন রোগের চিকিৎসক, আবাসিক মেডিকেল অফিসার। রোগী দেখার সময়ঃ প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা পর্যন্ত
পুষ্টিবিদ: তরিকুল ইসলাম — বি.পি.এইচ (নিউট্রিশন), এম.পি.এইচ (নিউট্রিশন), সি.এম.ইউ (ডি.ইউ), ডি.এম.ইউ (আল্ট্রা), ডিপ্লোমা ইন মেডিকেল ফ্যাকালটি, রেজি: নং ডি-৭০৮১ (বি.এম এন্ড ডি.সি), পুষ্টি বিশেষজ্ঞ। রোগী দেখার সময়ঃ প্রতিদিন
সিরিয়ালের জন্য যোগাযোগ করুন: মোবাইল: ০১৭৬৬-৪৮৭৪০৯ মোবাইলঃ ০১৭৬৮-৩৭৭১৯১
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।

## ইসি সচিব

(শেষ পৃষ্টার পর)
করে কিছু তথ্য সংগ্রহ করা হয়েছে। আশা করছি চলতি সপ্তাহেই রাজনৈতিক দল ও দেশীয় পর্যবেক্ষক সংস্থার নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন হবে।" তিনি আরও বলেন, "এখন পর্যন্ত আমাদের হাতে পর্যাপ্ত সময় রয়েছে। সামান্য বিলম্ব হলেও দুশ্চিন্তার কোনো কারণ নেই। কমিশন নির্ধারিত সময়সীমার মধ্যেই সব প্রস্তুতি সম্পন্ন করতে পারবে।" গণভোট আয়োজন বা প্রতীক বণ্টন প্রসঙ্গে প্রশ্নের জবাবে সিনিয়র সচিব বলেন, "বিধিমালায় শাপলা প্রতীক নেই, তাই এনসিপিকে এটি দেওয়ার সুযোগ নেই। এ বিষয়ে নির্বাচন কমিশন নিজস্ব বিবেচনায় অন্য একটি প্রতীক বরাদ্দ দেবে এবং সেটি গণবিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করা হবে।" তিনি আরও জানান, গণভোট সংক্রান্ত কোনো আনুষ্ঠানিক তথ্য এখনো ইসি সচিবালয়ের হাতে পৌঁছেনি।

## কুষ্টিয়ায় নিয়োগ পরীক্ষায় অনিয়ম

(শেষ পৃষ্টার পর)
পরীক্ষার আগে ২৫-৩০ জন পরীক্ষার্থী আরএমও হোসেন ইমামের বাসায় প্রবেশ ও বের হওয়ার ভিডিও ভাইরাল হলে বিক্ষোভ ছড়ায়। পরিস্থিতির কারণে ফলাফল সাময়িক স্থগিত করা হয়। স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক অধ্যাপক খায়ের আহমেদ চৌধুরী জানান, তিন সদস্যের কমিটি তিন কার্যদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন দাখিল করবে। দুদকের উপপরিচালক মইনুল আহসান রওশনী বলেন, মোবাইল ফোন ও নথিপত্র যাচাই করা হচ্ছে।

## পুলিশকে স্বরাষ্ট্র উপদেষ্টা

(শেষ পৃষ্টার পর)
মেট্রোপলিটন পুলিশ কমিশনার ও জেলার পুলিশ সুপাররা অংশ নেন। জাহাঙ্গীর আলম চৌধুরী বলেন, "আগামী জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পন্ন করতে পুলিশের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। জনগণ, রাজনৈতিক দল ও আন্তর্জাতিক মহলের প্রত্যাশাড় বাংলাদেশ পুলিশ এমন এক মানদণ্ড স্থাপন করবে, যা বিশ্বে প্রশংসিত হবে।" তিনি আরও বলেন, "আইনের প্রয়োগ শুধু শক্তি দিয়ে নয়, ন্যায়, নিষ্ঠা ও মানবিকতা দিয়েও প্রতিষ্ঠিত হয়। নির্বাচনী মাঠে পুলিশ শুধু আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী নয়, বরং জনগণের নিরাপত্তা, আস্থা ও গণতান্ত্রিক অধিকারের প্রতীক।" স্বরাষ্ট্র উপদেষ্টা জানান, ফ্যাসিস্ট ও অপরাধীদের তালিকা পুলিশের হাতে রয়েছে। এদের কেউ কেউ সমাজে অস্থিরতা সৃষ্টি ও অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িত। তিনি বলেন, "ফ্যাসিস্টদের অপকর্ম, অপপ্রচার ও অপরাজনীতি ঠেকাতে গ্রেফতার অভিযান জোরদার করতে হবে। তবে নিরীহ মানুষ যেন হয়রানির শিকার না হয়, সেদিকেও খেয়াল রাখতে হবে।" তিনি উর্ধ্বতন কর্মকর্তাদের নির্দেশ দেন, অধীন কর্মকর্তাদের পেশাদারিত্ব, শৃঙ্খলা ও মনোবল বৃদ্ধিতে পদক্ষেপ নিতে হবে। যারা কমান্ড মানে না বা সরকার ও রাষ্ট্রের প্রতি অসম্মান প্রদর্শন করে, তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন তিনি।

### নিউ এভারকেয়ার নার্সিং হোম
চক্রপাড়া মোড়, হুদা হেলথ কেয়ারের ২য় তলা
ওয়াবদা রোড, মেহেরপুর
NEW EVERCARE NURSING HOME
**হট লাইন:** ০১৭৬৩-৬৪৬৬০৩
**ব্যবস্থাপনা পরিচালক:** ০১৭৪৩-৯০৪৩৩৬
**ম্যানেজার (শিমুল):** ০১৩০৪-১৫৬০৮৮৮
**রিসেপশন:** ০১৩০৪-১৫৬০৮৮৮
বিশেষজ্ঞ ডাক্তারবৃন্দ
ডা. সুরাইয়া মারমিন (পুস্প) — এম.বি.বি.এস (ডিএমসি), বি.সি.এস (স্বাস্থ্য), এফ.সি.পি.এস (গাইনী ও অবস), ডি আল্ট্রা, প্রসূতি ও নারী রোগ বিশেষজ্ঞ ও সার্জন।
ডা. মোঃ ফজলুর রহমান — এম.বি.বি.এস (স্বাস্থ্য), এম.এস জেনারেল (সার্জারী) , কনসালট্যান্ট (সার্জারী), ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. পারভীন আখতার — জুনিয়ার কনসালট্যান্ট (গাইনী ও অবস), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা ।
ডা. মোঃ সউদ কবীর — এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), ডি-অর্থ (এফপি) ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. অলোক কুমার দাস — এম.ডি (নোরেল মেডিসিন), রাশিয়া , এম.পি.এইচ (বিডি), বিসিএস (স্বাস্থ্য), এমও বিটি . ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
**আমাদের সেবাসমূহ**
প্রাইভেট ও সাধারণ রোগী সেবা . প্রসূতি ও নারী স্বাস্থ্য ,
সার্জারি ও সাধারণ চিকিৎসা উন্নত ও বন্ধুত্বপূর্ণ পরিবেশ

### নিউ মনা জুয়েলার্স
অলংকার জগতের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
সাউদিয়া টাওয়ার, কাঁশারী বাজার, মেহেরপুর।
আধুনিক ডিজাইনের স্বর্ণ, রূপা ও হীরার গহনা।
বিশুদ্ধতা ও গুণগত মানে আপসহীন ও অপ্রতিদ্বন্ধি
আস্থার সাথে অলংকার কেনা- বেচার নির্ভরযোগ্য ঠিকানা
প্রোপাইটার : হামিদুল ইসলাম
পরিচালনায় : মোস্তাফিজুর রহমান মনা
যোগাযোগ : ০১৭১৬-৫৭০৮৯৩, ০১৯১৯-৫৭০৮৯৩

### বিসমিল্লাহ্ ফামেসী
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু
সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬

### ত্রয়ী স্টোর এন্ড বুটিকস
স্টাইলে থাকুন, ট্রাডিশনে ফিরুন!
শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি– ত্রয়ী তে পাওয়া যায় ট্রাডিশন আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!
এক্সক্লুসিভ বুটিক পোশাক
হাতে তৈরি দেশি জামাকাপড়
দেশি-বিদেশী কসমেটিকস
কুকারিজ আইটেম
ইউনিক গিফট আইটেম
কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা
ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে
কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০০৭৯৫

## ৫০ নাকি ৫২ বিতর্কের মাঝে বয়স জানিয়ে পোস্ট মালাইকার

বিনোদন ডেস্ক
বলিউডের জনপ্রিয় মডেল ও অভিনেত্রী মালাইকা আরোরাকে ঘিরে দীর্ঘদিন ধরেই চলছিল বয়স বিতর্ক। সম্প্রতি নিজের জন্মদিনের কেক এবং সামাজিক মাধ্যমে পোস্ট করা ছবিতে মালাইকা দাবি করেন, তিনি ৫০ বছর পূর্ণ করেছেন। যদিও উইকিপিডিয়াসহ বিভিন্ন সূত্র অনুযায়ী তার বয়স ৫২। গত ২৩ অক্টোবর নিজের জন্মদিন উদযাপন করেন মালাইকা। বন্ধু-বান্ধব ও ছেলে আরহান খানকে নিয়ে হওয়া সেই পার্টির ছবি মুহূর্তেই সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ে। সেখানেই নেটিজেনদের নজরে আসে জন্মদিনের কেকটি, যার ওপর লেখা ছিল '৫০' সংখ্যাটি। এ দেখে অনেকেই প্রশ্ন তোলেন, যদি ২০১৯ সালে তিনি ৪৬তম জন্মদিন পালন করে থাকেন, তবে ২০২৫ সালে এসে কীভাবে তার বয়স ৫০ হতে পারে?
এরপর গত রোববার রাতে নিজের জন্মদিনের আরও কিছু ছবি পোস্ট করেন মালাইকা। সেখানে তিনি লেখেন, 'আমার ৫০তম জন্মদিনকে এত আনন্দের সঙ্গে ভরিয়ে তোলার জন্য সকলকে ধন্যবাদ।' এই পোস্টের মাধ্যমে অভিনেত্রী নিজেই নিজের বয়স ৫০ বলে দাবি করেছেন।
এদিকে, অভিনেত্রীর বোন অমৃতা অরোরাও মজা করে একটি পোস্টে লেখেন, 'গত কয়েক বছর ধরে শুনছি, তোমার বয়স ৫০ বছর হয়ে গেছে। যাক, অবশেষে ৫০ পূর্ণ করলেন আমার সুন্দরী বোন।' তবে মালাইকার ভক্তরা বলছেন, তার কাছে বয়স শুধুই একটি সংখ্যা। তিনি এখনও অনায়াসে নিজের বয়স ২৫ বলে চালিয়ে দেওয়ার যোগ্যতা রাখেন। বর্তমানে বয়স বিতর্ক ছাপিয়েও ভক্তরা মালাইকার সৌন্দর্য ও ফিটনেসের প্রশংসা করছেন।



### রাবেয়া মেডিকেল সার্ভিসেস
(কমপ্লিট মেডিকেল সলিউশন অন জেনারেল হাসপাতাল গেট, মেহেরপুর।
যোগাযোগ : রিসিপশন: ০১৭৫৪৯৭৪৪৬৬ সিরিয়াল: ০১৭২৪-৭৮৭৩১৩,
মার্কেটিং অফিসার: ০১৩০৪-১০০৩০৭, ০১৩০৪-১০০৩০
ডাঃ মোঃ আলাউদ্দিন আল-আজাদ — এমবিবিএস, ডি-অর্থো (সার্জারী), কনসালটেন্ট অর্থোপেডিক, হাড় জোড়া, ব্যাত ব্যাথা, শিরদোগ বিশেষজ্ঞ। শনিবার থেকে বৃহস্পতিবার বিকেল ৪ টা থেকে সন্ধ্যা ৬.৩০ পর্যন্ত।
ডাঃ বিপুল কুমার বিশ্বাস — সহকারী অধ্যাপক, এমবিবিএস, ডিজিও, এফসিপিএস (গাইনী ও অবস), সহকারী অধ্যাপক-গাইনী বিভাগ। বিকাল ৪ টা -৮টা পর্যন্ত, শুক্রবার সকাল ৮টা-২টা
ডাঃ মোঃ ইয়ানুর হোসেন — এমবিবিএস, (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (মেডিসিন), এমডি (কার্ডিওলজি), কনসালটেন্ট মেডিসিন বিভাগ, এডভান্সড ট্রেনিং ইন ইকো-কার্ডিওগ্রাফী (ইন্ডিয়া)। বৃহস্পতিবার বিকাল ৩টা -৮টা শুক্রবার সকাল ৮টা-৮টা।
ডাঃ মোঃ আবুল কাশেম — এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য), এফসিপিএস (ইএনটি), ডিএলও বিএসএমএমইউ- এক্স-পিজিটি কনসালটেন্ট (ইএনটি), ফলোশীপ ইন মাইক্রোইয়ার সার্জারী (চেন্নাই, ইন্ডিয়া)। বৃহস্পতিবার বিকাল ৩টা- ৮টা ও শুক্রবার সকাল ৮টা -রাত ৮টা।
ডাঃ মোঃ এমরানুল ইসলাম (আবির) — সহকারী অধ্যাপক, এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য), এফসিপিএস(চক্ষু), ডিওএ (বিএসএমএমইউ)-এক্স-পিজি হাসপাতাল। প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে দুপুর ১ টা।
ডাঃ মোঃ রোকনুজ্জামান — এমবিবিএস(রাজশাহী), এফসিপিএস-শেষ পর্ব (স্কিন এন্ড ভিডি), পি.সি.জি.পি (ঢাকা মেডিকেল কলেজ) চর্ম, যৌন, এলার্জি ও সোস্র বিশেষজ্ঞ। প্রতি বৃহস্পতিবার সকাল ৮টা - ১১টা।
ডাঃ মোঃ মাহবুবুল আলম (বিপ্লব) — সহকারী অধ্যাপক, এমবিবিএস(ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), এমএস (শিশু সার্জারী), সহকারী অধ্যাপক প্রতিদিন বিকাল ৪ টা - ৮টা। শুক্রবার সকাল ৮টা - ৮টা
ডাঃ এম এম কবির শাওন — এমবিবিএস, ডি.এম.পি (এ্যাজমা), ডিএমইউ (আল্ট্রাসাউন্ড) এ্যাজমা বিশেষজ্ঞ ও সনোলজিস্ট। প্রতিদিন সকাল ১০ টা -দুপুর ২টা। বিকাল ৪ টা -রাত ৮ টা।
ডাঃ মোঃ আরিফুল ইসলাম — সহকারী অধ্যাপক, এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য), এফসিপিএস সার্জারী) কনসালটেন্ট (সার্জারী), এন্ড ল্যাপারো স্কিক সার্জন। মাসের প্রথম সমবার দুপুর ২টা - ৫টা পর্যন্ত।
ডাঃ মাহবুবা তাজমিলা — এমবিবিএস(ঢাকা), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (শিশু), কনসালটেন্ট (শিশু)। প্রতি শনিবার ও মঙ্গলবার দুপুর ২.৩০ টা - বিকাল ৫টা
ডাঃ মেহেদী হাসান জনি — এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য), এমবিবিএস(ঢাকা), বিসিএস(সা), এমএস (ইউরোলজী) পিজিটি (সার্জারী)। প্রতি শুক্রবার সকাল ৯ টা -দুপুর ১ টা।
ডাঃ মোঃ সফিউল আলম — এমবিবিএস, এফসিপিএস(সার্জারী) সহকারী অধ্যাপক (জেনারেল সার্জারী), ল্যাপারোস্কপিক। শুক্রবার সকাল ৯ টা থেকে বিকেল ৫টা।

### আল হায়াত ডায়াগনস্টিক সেন্টার
চক্রপাড়া মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর।।
সিরিয়াল: ০১৭২২-৭৭৯৫৫০, ০১৭৫৫-৭০৬৪৬৪
ডাঃ আসাদুল্লাহ-আল-গালবি
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস- মেডিসিন (ফাইনাল পার্ট) মেডিসিন,ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, হাপানি, কোমর ব্যথা ও বাত ব্যথা বিষয়ে অভিজ্ঞ মেডিকেল অফিসার : রাজশাহী মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা
ডাঃএম. এম. জাহিদুল ইসলাম
উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, কোমর ব্যাথা, বাতজ্বর ,হাড় ব্যাথা, হাঁপানি. ডায়াবেটিক ঘা এবং না শুকানো ক্ষত ও পি আর পি চিকিৎসক।
রোগী দেখেন : শনি থেকে বুধবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা
ডাঃ আব্দুল্লাহ আল রশিদ
চর্ম ও যৌন রোগে অভিজ্ঞ
এমবিবিএস (শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম), সিএমইউ (আল্ট্রা) সহকারী রেজিস্টার, চর্ম ও যৌন বিভাগ কুষ্টিয়া মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি সোমবার দুপুর ২.৩০ টা থেকে বিকাল ৫ টা
ডাঃ সাজিয়া আফরিন
গাইনী, প্রসুতি, স্ত্রী রোগের চিকিৎসক ও সার্জন
এমবিবিএস (ডিইউ) সিসিডি (বারডেম) ডিএমইউ (সনোলজি) ডিজিও (কোর্স- গাইনী এন্ড অবস্) গাইনী(স্ত্রী রোগ) ও প্রসুতি বিদ্যা চিকিৎসক এবং সার্জন
রোগী দেখেন : প্রতি বৃহস্পতিবার বিকাল ৫ টা থেকে রাত ৮ টা পর্যন্ত, প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে রাত ৮ টা পর্যন্ত

### নিউ স্কায়ার ল্যাব
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর : ০১৮৫৮-৯৫৬৯৩৩
ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার
মেডিসিন, নিউরো,বক্ষব্যাধি,ডায়াবেটিস,গ্যাস্টলিভার,ব্যাতব্যাথা ও মনোরোগ চিকিৎসক
এমবিবিএস(আরইউ),ডিএফএম(বিসিএমইউ),এফসিপিএস পার্ট- ১, পিজিটি(মেডিসিন), সিসিডি(বারডেম),
রুগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯ টা হইতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্ত চাপ,ব্যাত ব্যাথা, ডায়াবেটিস,লিভার ও জন্ডিস রোগ চিকিৎসক
এমবিবিএস(ঢাকা) সিসিড বারডেম, সিএমইউ(আল্ট্রা)
রুগী দেখেন :প্রতিদিন সকাল ১০ টা হইতে দুপুর ২টা, বিকাল ৩ ট হতে রাত্রী ৮ টা।
ডাঃ তাসমেরী নাহার
স্ত্রী, প্রসুতি ও গাইনী রোগ চিকিৎসক , এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন : প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ মোঃ মঞ্জুরুল হাসান
মেডিসিন, বাত ব্যথা, মাথা ব্যাথা, বক্ষব্যাধি, হাত-পা জ্বালাপোড়া, চর্ম ও যৌন রোগের চিকিৎসক
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য), মেডিকেল অফিসার
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ ফরহাদ পারভেজ
মেডিসিন, বাতজ¦র,উচ্চ রক্তচাপ, ব্যাত ব্যাথা রোগের চিকিৎসক
নি:সন্তান, বন্ধ্যাত্ব,গর্ভকালীন বিভিন্ন সমস্যা, শিশু ও গাইনী রোগের চিকিৎসক
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, মঙ্গলবার, ২৮ অক্টোবর ২০২৫ ইং

## মেহেরপুরে ক্লিনিক ব্যবসার মরণফাঁদ

মেহেরপুরে চিকিৎসা সেবা এখন দালালচক্রের খপ্পরে। সরকারি হাসপাতালে রোগী গেলেই ঘিরে ধরে নারী-পুরুষ দালালরা। তারা নানা প্রলোভন দেখিয়ে অসহায় মানুষকে বেসরকারি ক্লিনিকে পাঠায়। পরে সেখানে শুরু হয় কমিশন বাণিজ্য, অপচিকিৎসা ও প্রতারণা। সম্প্রতি কল্পনা বেগম নামের এক নারী এই চক্রের ফাঁদে পড়ে গর্ভপাতের অপারেশনে মৃত্যুর মুখে পড়েন। এটি শুধু একটি ঘটনার প্রতিফলন নয়ড় গোটা জেলার চিকিৎসা ব্যবস্থার করুণ চিত্র। সরকারি হাসপাতাল ঘিরে শতাধিক দালালের সক্রিয়তা এখন প্রকাশ্য। এসব ক্লিনিকের অধিকাংশেরই নেই যথাযথ অনুমোদন, নেই দক্ষ ডাক্তার বা নার্স। কোথাও ওয়ার্ডবয় ডাক্তার সেজে অপারেশন করছে, কোথাও অদক্ষ টেকনিশিয়ান দিয়ে চলছে পরীক্ষা-নিরীক্ষা। আর এসবই হচ্ছে প্রশাসনের নীরবতা ও প্রভাবশালী মালিকদের ছত্রচ্ছায়ায়। দুঃখজনক হলেও সত্য, প্রশাসন মাঝে মাঝে অভিযানে কিছু ক্লিনিক বন্ধ করলেও অদৃশ্য প্রভাবের কারণে তারা আবারও চালু হয়ে যায়। এতে প্রমাণ হয়ড় স্বাস্থ্যখাতে দুর্নীতি ও অনিয়মের শক্তিশালী একটি নেটওয়ার্ক কাজ করছে। এই অবস্থায় প্রয়োজন কঠোর প্রশাসনিক পদক্ষেপ ও আইনি ব্যবস্থা। দালালদের হাসপাতাল চত্বর থেকে উচ্ছেদ, অনুমোদনহীন ক্লিনিক বন্ধ এবং জড়িত চিকিৎসক বা মালিকদের শাস্তি দিতে হবে। চিকিৎসা মানুষের মৌলিক অধিকার, বাণিজ্যের পণ্য নয়। মেহেরপুরে চিকিৎসার নামে এই ভয়াবহ প্রতারণা বন্ধ না হলে আরও বহু কল্পনা বেগমের জীবন ঝুঁকিতে পড়বে। এখনই সময় প্রশাসনের জেগে ওঠার।

## মেহেরপুরে সদর উপজেলা গোল্ড

(প্রথম পৃষ্টার পর)

জিনিয়াস ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ, সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও মাধ্যমিক বালিকা বিদ্যালয় বি এম কলেজের শিক্ষার্থীরা। এদিন বিকেলে অনুষ্ঠিত ফাইনাল খেলায় পিরোজপুর ইউনিয়ন একাদশ টাইব্রেকারে ৬-৫ গোলে আমদহ ইউনিয়ন একাদশকে পরাজিত করে। নির্ধারিত সময় ১-১ গোলে শেষ হওয়ায় টাইব্রেকারে খেলাটি নির্ধারিত হয়। পিরোজপুরের গোলরক্ষক সুমন ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত হন এবং সদর উপজেলা নির্বাহী অফিসার পুরস্কার তুলে দেন।

## তথ্য উপদেষ্টার মন্তব্যে বিভ্রান্তি

(প্রথম পৃষ্টার পর)

মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট ১৩টি সংস্কার কাজও শেষ করার চেষ্টা থাকবে।” এই বক্তব্যের পর বিষয়টি নিয়ে গণমাধ্যমে আলোচনার সৃষ্টি হয়। তবে সোমবার সরকারের জারি করা এক বিবৃতিতে বলা হয়েছে, “তথ্য উপদেষ্টার মন্তব্যের পর কিছু গণমাধ্যমে এমনভাবে বিষয়টি উপস্থাপিত হয়েছে, যাতে বিভ্রান্তির সৃষ্টি হয়েছে। বাস্তবে সরকারের গৃহীত সংস্কার ও নীতিমালা প্রণয়নের কাজ নভেম্বরে শেষ করার কোনো নির্দেশনা নেই। সংস্কার কার্যক্রম অব্যাহত থাকবে।”

বিবৃতিতে আরও বলা হয়, “উপদেষ্টা পরিষদ নির্বাচিত সরকারের কাছে দায়িত্ব হস্তান্তর না করা পর্যন্ত নিয়মিতভাবে দায়িত্ব পালন করবে। পরিষদের বৈঠকও পূর্বের মতো নিয়মিতভাবে অনুষ্ঠিত হবে।” রোববারের অনুষ্ঠানে তথ্য উপদেষ্টা মাহফুজ আলম ছাড়াও উপস্থিত ছিলেন প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম এবং জ্যেষ্ঠ সহকারী প্রেস সচিব ফয়েজ আহমদ।

## ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের

(প্রথম পৃষ্টার পর)

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে জনগণকে দ্রুত ও স্বচ্ছ সেবা প্রদান সম্ভব হবে। অনুষ্ঠানে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ বক্তব্য রাখেন। এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) পার্থ প্রতিম শীল, সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খাইরুল ইসলাম, সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট খাদিজা আক্তার প্রমুখ। দিনব্যাপী এ প্রশিক্ষণে মেহেরপুর জেলার বিভিন্ন সরকারি অফিসের ৪০ জন কর্মকর্তা ও কর্মচারী অংশগ্রহণ করেন।

## সালাহউদ্দিন আহমেদ

(প্রথম পৃষ্টার পর)

থাকুক, তেমনি জাতির মধ্যেও ঐক্যের বার্তা পৌঁছাক।” তিনি আরও জানান, গত দুই দিন ধরে গুলশানে বিএনপি চেয়ারপারসনের কার্যালয়ে বিভিন্ন বিভাগের মনোনয়নপ্রত্যাশীদের সাক্ষাৎকার চলছে। সেখানে দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ স্থায়ী কমিটির সদস্যরা উপস্থিত থেকে ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের বার্তা পৌঁছে দিচ্ছেন দলে একক প্রার্থীর পক্ষে ঐক্যবদ্ধভাবে কাজ করার নির্দেশনা। সালাহউদ্দিন বলেন, “প্রার্থীদের কাছে আমাদের বার্তা একটাই বিভেদ নয়, ঐক্যবদ্ধ থাকতে হবে। ঐক্যই হচ্ছে বড় শক্তি। কেউ যেন বিভেদের পথে না যায়, সেই আহ্বানই আমরা জানাচ্ছি।” যুবসমাজের ভূমিকা প্রসঙ্গে বিএনপির এই স্থায়ী কমিটির সদস্য বলেন, “যুবকদের নিয়ে, তারুণ্যের ভাবনা নিয়ে আমরা বাংলাদেশ বিনির্মাণের যে স্বপ্ন দেখি, সেটাকে আমরা ৩১ দফায় ধারণ করেছি। সারাদেশের তরুণ-যুবকদের রাজনৈতিক চিন্তা জানতে আমরা দেশভ্রমণ করেছি। তাদের ভাবনাকে অন্তর্ভুক্ত করেই আমরা আগামী দিনের কর্মসূচি প্রণয়ন করছি।”

তিনি আশা প্রকাশ করেন, “ভবিষ্যতের বাংলাদেশ হবে তারুণ্যনির্ভর, কর্মসংস্থাননির্ভর, প্রযুক্তিনির্ভর ও মেধানির্ভর। যে স্বপ্ন মুক্তিযুদ্ধের শহীদরা দেখেছিলেন, জুলাই গণঅভ্যুত্থানের শহীদরা দেখেছিলেন আমরা সেই স্বপ্ন বাস্তবায়নের পথেই এগিয়ে যাচ্ছি।”

## যুবদলের পৃথক পৃথক প্রতিষ্ঠাবার্ষিকী

(প্রথম পৃষ্টার পর)

যুবদলকে ঐক্যবদ্ধ ভূমিকা রাখার আহ্বান জানান। অন্যদিকে, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদের নেতৃত্বে মেহেরপুর বিএনপি (মাসুদ অরুণ) কার্যালয়ে কেক কাটা ও আলোচনা সভার মাধ্যমে প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর পৌর বিএনপির সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস। এছাড়া জেলা শ্রমিক দলের সভাপতি আহসান হাবীব সোনা, জেলা যুবদলের সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক রোকনুজ্জামান রোকন, যুগ্ম সাধারণ সম্পাদক সাইদুর রহমান সুজন, পৌর যুবদলের আহ্বায়ক সামিউল ইসলাম লিজন ও মুজিবনগর উপজেলা যুবদলের আহ্বায়ক আবুল হাসান উপস্থিত ছিলেন।

## দুদক চেয়ারম্যান

দুদকের ১৮৮তম গণশুনানিতে প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, “আমরা চুয়াডাঙ্গায় এসেছি, এটা কোনো সৌভাগ্যের বিষয় নয়; বরং এটি প্রমাণ করে এখানে এখনও দুর্নীতি রয়েছে। যদি চুয়াডাঙ্গায় দুর্নীতি প্রতিরোধের প্রয়োজন না পড়ত, সেটিই হতো প্রকৃত সৌভাগ্য।” তিনি আরও বলেন, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের প্রধান দায়িত্ব জনগণের সেবা নিশ্চিত করা। দুর্নীতিমুক্ত দেশ গড়াই সবার লক্ষ্য হওয়া উচিত। ‘সবাই মিলে গড়বো দেশ, দুর্নীতিমুক্ত বাংলাদেশ’ড়এই স্লোগানে আয়োজিত গণশুনানির আয়োজন করে সমন্বিত দুদক ঝিনাইদহ কার্যালয়, চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি। সভাপতিত্ব করেন জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম। স্বাগত বক্তব্য দেন খুলনা বিভাগীয় দুদক পরিচালক জালাল উদ্দীন আহম্মদ। আরও বক্তব্য দেন দুদক কমিশনার (তদন্ত) মিঞা মুহাম্মদ আলি আকবার আজিজী, মহাপরিচালক আক্তার হোসেন ও অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস্) জামাল আল নাসের। গণশুনানিতে নাগরিকরা বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তাদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ উপস্থাপন করেন। শুনানির শুরুতেই জেলা গণপূর্ত বিভাগ, সিভিল সার্জন অফিস ও সদর হাসপাতালের কর্মকর্তাদের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ তুলে ধরা হয়। দুদক চেয়ারম্যান প্রত্যেকটি অভিযোগ মনোযোগ দিয়ে শোনেন এবং সংশ্লিষ্টদের ব্যাখ্যা দিতে নির্দেশ দেন। ভবিষ্যতে এমন অনিয়ম যেন না ঘটে, সে বিষয়ে কর্মকর্তাদের সতর্ক করেন তিনি। এছাড়া সাব-রেজিস্ট্রার অফিস ও পৌরসভার বিরুদ্ধে জমি নিবন্ধন ও কর আদায়ে অনিয়মের অভিযোগও তোলা হয়। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক আহমেদ মাহবুব উল ইসলাম, নয়ন কুমার রাজবংশী, চার উপজেলার ইউএনও, বিভিন্ন সরকারি দপ্তরের প্রধান, জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সদস্য, সাংবাদিক ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ। শেষে দুদক চেয়ারম্যান বলেন, “দুর্নীতির বিরুদ্ধে লড়াই শুধু দুদকের নয়; এটি জনগণের আন্দোলন হতে হবে। জনগণের অংশগ্রহণ যত বাড়বে, তত দ্রুত দুর্নীতিমুক্ত বাংলাদেশ গড়া সম্ভব হবে।”

রাবেয়া বসরী অন্তরা

# নবায়নযোগ্য শক্তিতে বাংলাদেশের রূপান্তর নীতিমালা, পরিকল্পনা ও চ্যালেঞ্জ



বাংলাদেশ বর্তমানে নবায়নযোগ্য শক্তির ক্ষেত্রে বড় এক পরিবর্তনের পথে এগিয়ে যাচ্ছে। সরকারী “সংস্থা সাসটেইনেবল এন্ড রিনিউয়েবল এনার্জি ডেভেলপমেন্ট অথরিটি” (টেকসই ও নবায়নযোগ্য শক্তি উন্নয়ন কর্তৃপক্ষ) এর ২০২৫ সালের সর্বশেষ তথ্য অনুযায়ী, দেশে নবায়নযোগ্য উৎস থেকে মোট বিদ্যুৎ উৎপাদনের সক্ষমতা প্রায় ১৬৩৩.৩ মেগাওয়াট। এর বেশিরভাগই আসে সৌরশক্তি, জলবিদ্যুৎ ও বায়ুশক্তি থেকে। এর মধ্যে সৌরশক্তি থেকে আসে প্রায় ১৩৩৯.২৯ মেগাওয়াট, জলবিদ্যুৎ থেকে আসে প্রায় ২৩০ মেগাওয়াট, বায়ু শক্তি থেকে ৬২.৯ মেগাওয়াট এবং বায়োগ্যাস থেকে ০.৬৯ মেগাওয়াট। বর্তমানে দেশের মোট ইনস্টলড বা স্থাপিত বিদ্যুৎ উৎপাদনক্ষমতা প্রায় ৩২,৭৫৭ মেগাওয়াট। এর মধ্যে প্রায় ৫% হচ্ছে নবায়নযোগ্য শক্তির অংশ। তবে এটি কিন্তু ইনস্টল্ড বা স্থাপিত ক্যাপাসিটি এর হিসেবে ধরা হয়েছে। বাস্তবে আবহাওয়া ও প্রযুক্তিগত সীমাবদ্ধতার কারণে উৎপাদন কিছুটা কম হয়। বাংলাদেশ সরকার ২০২৫ সালে নতুন রিনিউবেল এনার্জি পলিসি ( নবায়নযোগ্য শক্তি নীতি) চালু করেছে। এই নীতির লক্ষ হলো ২০৩০ সালের মধ্যে দেশের মোট বিদ্যুৎ উৎপাদনের অন্তত ২০% নবায়নযোগ্য উৎস থেকে নিশ্চিত করা এবং ২০৪০ সালের মধ্যে এই হার ৩০% এ উন্নীত করা। এই নীতিতে রুফটপ সোলার গ্রিড প্রকল্প ( ছাদভিত্তিক সৌর বিদ্যুৎ ব্যবস্থা ) এবং স্থানীয় বিনিয়োগকারীদের অংশগ্রহন বাড়ানোর ওপরও জোর দেয়া হয়েছে। তবে এক্ষেত্রে আবার কিছু চ্যালেঞ্জও রয়েছে- যেমন বিনিয়োগের ঘাটতি, প্রযুক্তিগত জটিলতা, রক্ষণাবেক্ষণের দুর্বলতা ও পুরনো গ্রিড অবকাঠামো, যা নবায়নযোগ্য শক্তি সংযুক্তিতে বাধা হয়ে দাঁড়াচ্ছে। অনেক বিশেষজ্ঞ আবার মনে করেন, সরকারের নীতিগত লক্ষ থাকলেও তা বাস্তবায়নের জন্য এখনো পরিষ্কার কোনো পর্যাপ্ত রোডম্যাপ তৈরি হয়নি। তবুও, এসব চ্যালেঞ্জের মধ্যেও আশা করা যায় মেহেরপুর জেলার জন্যে নবায়নযোগ্য শক্তি হয়ে উঠতে পারে এক বড় সম্ভাবনা। স্কুল, কলেজ, ইউনিয়ন পরিষদ ভবন বা স্বাস্থ্যকেন্দ্রের ছাদে সৌর প্যানেল বসিয়ে বিদ্যুৎ খরচ কমানো সম্ভব। এতে করে শুধু জ্বালানি খরচই কমবেনা, পরিবেশে কার্বন নিঃসরণও কমবে। এই ধরনের প্রকল্প স্থানীয় পর্যায়ে নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরি করতে পারে। সৌরো প্যানেল বসানো, রক্ষণাবেক্ষণ ও টেকনিক্যাল সহায়তার জন্য প্রশিক্ষিত জনবল গড়ে উঠবে। তবে এসব উদ্যোগ টেকসই করতে হলে নিয়মিত রক্ষণাবেক্ষণ, স্থানীয় পর্যায়ে টেকনিক্যাল প্রশিক্ষণ, সহজ ঋণ সুবিধা এবং জনগণের সক্রিয় অংশগ্রহণ খুবই জরুরি। নবায়নযোগ্য শক্তি এখন কেবল আর শুধু পরিবেশ রক্ষার বিষয় নয়। এটি বাংলাদেশের অর্থনৈতিক আত্মনির্ভরতা ও জ্বালানি নিরাপত্তার অন্যতম চাবিকাঠি। বিদেশি জ্বালানি এর উপর নির্ভরতা কমিয়ে নবায়নযোগ্য উৎসে বিনিয়োগ বাড়ানো গেলে দেশের অর্থনীতি আরও শক্তিশালী ও টেকসই হবে। এখনই যদি সঠিক দিকনির্দেশনা ও সম্মিলিত প্রচেষ্টা নেয়া যায়, তবে নবায়নযোগ্য শক্তি বাংলাদেশের টেকসই উন্নয়নের পথকে আরও আলোকিত করবে। (বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি), ঢাকা)

# বেলালের আজানের সুরে নেমে আসত ফেরেশতারা

আহমাদ বিন হামিদ

মাটির গভীরতায় গড়ে ওঠা এক বিশাল হৃদয়ের মানুষ এমনই ছিলেন হাবশী বংশোদ্ভূত বিলাল ইবনে রাবাহ রাযিয়াল্লাহু আনহু। কৃষ্ণবর্ণ, চেহারায় আফ্রিকান, গঠনে শক্ত ঃ অন্তরে ছিলেন কোমল, ঈমানের অটল প্রতীক। মক্কার জাহেলিয়াতি যুগে তিনি দাস হিসেবে ছিলেন রাবাহ ও হামামাহর কাছে। জীবন ছিল কঠিন পরীক্ষা, কিন্তু ঈমানের বীজ যে তাঁর অন্তরে গড়ে ওঠে, তা পরবর্তী প্রজন্মের জন্য আলোকবর্তিকা হয়ে উঠেছিল।

ইসলাম গ্রহণের পর থেকেই বিলালকে সহিংস নির্যাতনের শিকার হতে হয়। পোড়ানো লোহা, চাবুকের আঘাত, মরুভূমির উষ্ণ বালির উপর হেঁচড়ে আনা সবই তাঁর মনোবল নড়িয়ে দিতে পারছিল না। তিনি একবারও উচ্চারণ করেননি কাফিরদের দেবতা বা অপবিত্র নাম; তাঁর মুখ থেকে উচ্চারিত হয় শুধু “আহাদ, আহাদ” আল্লাহ এক, অদ্বিতীয়। এমন অদম্য বিশ্বাস আর অটল মনোবলের জন্যই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে নিজে আপন করে নিয়েছিলেন। ইসলামের প্রথম মুয়াজ্জিন হিসেবে তাঁর কণ্ঠে মুখরিত হয়েছিল আজানের সুমধুর সুর। “আল্লাহু আকবার, আল্লাহু আকবার; আশহাদু আল্লাহ ইলাহা ইল্লাল্লাহ; আশহাদু আন্না মুহাম্মাদুর রাসূলুল্লাহ”। বেলালের জীবন কেবল একজন মুয়াজ্জিনের গল্প নয়। এটি ঈমানের গল্প, অটল বিশ্বাসের প্রতীক, মানব ইতিহাসের এক মহাকাব্য। এমনকি হযরত উমর রাযিয়াল্লাহু আনহু জেরুজালেমে দাঁড়িয়ে বলেছিলেন, “বেলাল, একবার আজান দাও।” সেই মুহূর্তে বেলালের কণ্ঠে ওঠা আজানের সুরে নেমে এসেছিল নবীজির স্মৃতি, এবং মানুষ কেঁদেছিল ঈমানের অনুভূতিতে ভাসতে ভাসতে। আজও যখন কেউ বেলালের নাম উচ্চারণ করে, যেন আকাশ-পাতাল নীরব হয়ে যায়, ফেরেশতারা থেমে যায় সেই সুর শোনার জন্য। কারণ বেলালের গল্প কেবল ইতিহাস নয়, এটি ঈমানের গল্প, অটলতার গল্প, এবং সত্যের চিরন্তন প্রতীক। “আহাদ”একমাত্র তিনি।

## পুতিনকে মনোযোগ ঘোরাতে

(প্রথম পৃষ্টার পর)

এক সপ্তাহে শেষ হওয়ার কথা ছিল, তা এখন চার বছরে গড়িয়েছে। ক্ষেপণাস্ত্র পরীক্ষা করার বদলে তার মনোযোগ দেওয়া উচিত যুদ্ধ বন্ধের দিকে।” ট্রাম্পের মন্তব্য আসে এমন সময়ে, যখন ইউক্রেনে রুশ বাহিনীর অগ্রযাত্রা ধীরে হলেও অব্যাহত রয়েছে। কিয়েভের প্রতিরক্ষা বলয় ভাঙতে রুশ সেনারা ক্রমাগত নতুন অভিযান চালাচ্ছে। পুতিনের ক্ষেপণাস্ত্র পরীক্ষা ঘোষণার পর যুক্তরাষ্ট্রে কূটনৈতিক মহলে আলোড়ন সৃষ্টি হয়। তবে ট্রাম্প স্পষ্ট করে জানান, রাশিয়ার নতুন অস্ত্রভাণ্ডার নয়, তার কাছে অগ্রাধিকার শান্তি প্রতিষ্ঠা। এর আগে গত সপ্তাহে ট্রাম্প ও পুতিনের মধ্যে এক ফোনালাপে দুই দেশের নেতারা বুদাপেস্টে শীর্ষ বৈঠক করার বিষয়ে সম্মত হন। কিন্তু বুধবার হঠাৎ ট্রাম্প ঘোষণা দেন, বৈঠকটি আপাতত স্থগিত করা হচ্ছে। একই দিনে যুক্তরাষ্ট্র রাশিয়ার দুটি প্রধান তেল কোম্পানি রসনেফট ও লুকঅয়েল এর ওপর নতুন নিষেধাজ্ঞা আরোপ করে। এই নিষেধাজ্ঞা সম্পর্কে প্রতিক্রিয়া জানাতে গিয়ে পুতিন বলেন, “এটি একটি অমিত্রসুলভ পদক্ষেপ।” বিশ্লেষকরা বলছেন, এই নিষেধাজ্ঞা ও বৈঠক স্থগিতের সিদ্ধান্ত মস্কো-ওয়াশিংটন সম্পর্ককে আবারও উত্তেজনাপূর্ণ করে তুলেছে। মার্কিন প্রেসিডেন্ট হিসেবে দ্বিতীয় মেয়াদের শুরুতেই ট্রাম্প প্রতিশ্রুতি দিয়েছিলেন, ইউক্রেন যুদ্ধ দ্রুত শেষ করবেন। যদিও তার মধ্যস্থতায় কিয়েভ ও মস্কোর আলোচনায় এখনো তেমন কোনো অগ্রগতি হয়নি। এদিকে আন্তর্জাতিক কূটনৈতিক মহল মনে করছে, রাশিয়ার ক্ষেপণাস্ত্র পরীক্ষার ঘোষণা এবং যুক্তরাষ্ট্রের নতুন নিষেধাজ্ঞাড়এই দুই পদক্ষেপ একসঙ্গে ইউরোপে নতুন এক শীতল যুদ্ধের আশঙ্কা জাগিয়ে তুলেছে।

## গাংনীর ফায়ার ফাইটার পেলেন

(প্রথম পৃষ্টার পর)

পেশাদারিত্বের জন্য গর্বের চোখে দেখে থাকেন। সোমবার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মুহাম্মদ জাহেদ কামাল, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি’র কাছ থেকে তিনি এই পুরস্কার গ্রহণ করেন। মোট ২১২ জন ফায়ার সার্ভিস কর্মী সারাদেশের মধ্যে তিনটি ক্যাটাগরিতে এই বিশেষ কৃতিত্ব পুরস্কার পেয়েছেন, যার মধ্যে মো. ইসানও রয়েছেন। তার এই সাফল্য গাংনীবাসীর জন্য গর্বের বিষয় হিসেবে দেখানো হচ্ছে। উল্লেখযোগ্য: অপারেশনাল দক্ষতার জন্য প্রাপ্ত এই পুরস্কার শুধুমাত্র ব্যক্তিগত নয়, এটি ফায়ার সার্ভিসের পুরো দলের পেশাদারিত্বের প্রতিফলনও বহন করছে।

## জামায়াতে ইসলামী প্রার্থী

(প্রথম পৃষ্টার পর)

তাজউদ্দিন খান। এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর শ্রমিক ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল, সদর উপজেলার সেক্রেটারি ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী জাব্বারুল ইসলাম মাষ্টার, শ্রমিক ফেডারেশনের সদর উপজেলা সভাপতি আব্দুল হোসেন, পিরোজপুর ইউনিয়নের ভারপ্রাপ্ত আমির মিয়ারুল ইসলাম, সেক্রেটারি জমিরুল ইসলামসহ স্থানীয় নেতৃবৃন্দ।

## শাটডাউনে যুক্তরাষ্ট্রে বন্ধ হচ্ছে খাদ্য

(প্রথম পৃষ্টার পর)

স্থগিত হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। চলতি মাসের শুরুতে ট্রাম্প প্রশাসন এসএনএপি পরিচালনার জন্য বরাদ্দকৃত জরুরি তহবিল ব্যবহার করতে অস্বীকৃতি জানায়। প্রশাসনের যুক্তিড় এই অর্থ প্রাকৃতিক দুর্যোগের মতো বাস্তব জরুরি পরিস্থিতির জন্য সংরক্ষিত রাখতে হবে। ফলে নভেম্বর মাসের খাদ্য সহায়তা কার্যক্রম বন্ধ হয়ে যাওয়ার শঙ্কা তৈরি হয়েছে। এ সিদ্ধান্তের কড়া সমালোচনা করেছেন ডেমোক্র্যাট কংগ্রেসওমেন রোজা ডিলাউরো ও অ্যাঞ্জি ক্রেগ। তারা এক যৌথ বিবৃতিতে বলেন, “এটি ট্রাম্প প্রশাসনের সবচেয়ে নিষ্ঠুর ও বেআইনি পদক্ষেপগুলোর একটি। সরকার একদিকে আর্জেন্টিনাকে সহায়তা দিচ্ছে, হোয়াইট হাউসে নতুন বলরুম নির্মাণ করছে, অন্যদিকে সাধারণ আমেরিকানদের মুখে খাদ্য তুলে দেওয়ার কর্মসূচি বন্ধ করছে এটি লজ্জাজনক।” গবেষণা প্রতিষ্ঠান সেন্টার অন বাজেট অ্যান্ড পলিসি প্রাইঅরিটিজ জানিয়েছে, বর্তমানে জরুরি তহবিল ব্যবহার করে সর্বোচ্চ এক মাসের জন্য মাত্র ৬০ শতাংশ সুবিধা দেওয়া সম্ভব। ডেমোক্র্যাট সদস্যরা কৃষি মন্ত্রী ব্রুক রোলিনস-এর কাছে পাঠানো এক চিঠিতে বলেন, “এসএনএপি-এর কনটিনজেন্সি রিজার্ভে এখনো উল্লেখযোগ্য পরিমাণ অর্থ রয়েছে। এই তহবিল এমন পরিস্থিতিতেই ব্যবহারের জন্য কংগ্রেস অনুমোদন দিয়েছে। তাই অবিলম্বে এই অর্থ মুক্ত করে নভেম্বর মাসের সম্পূর্ণ সহায়তা নিশ্চিত করা উচিত।” তবে কৃষি মন্ত্রী রোলিনস এক সরকারি নথিতে জানান, “এই রিজার্ভ শুধুমাত্র প্রকৃত জরুরি পরিস্থিতিড় যেমন প্রাকৃতিক দুর্যোগের সময় ব্যবহারের জন্য সংরক্ষিত। শাটডাউন সেই শ্রেণিতে পড়ে না।” ফলে নভেম্বর মাসে যুক্তরাষ্ট্রের লক্ষ লক্ষ নিম্নআয়ের পরিবার খাদ্য সহায়তা থেকে বঞ্চিত হওয়ার আশঙ্কায় রয়েছে। সামাজিক সংগঠনগুলো ইতোমধ্যে সরকারের কাছে দ্রুত সমাধানের আহ্বান জানিয়েছে।

## যে শর্তে অস্ত্র ছাড়তে রাজি হামাস

(প্রথম পৃষ্টার পর)

আল-হাইয়া মন্তব্য করেছেন, “দখলদারত্ব না থাকলে এসব অস্ত্র রাষ্ট্রের কাছে হস্তান্তর করা হবে” তবে তিনি প্রকাশ্যভাবে কোনো নির্দিষ্ট রাষ্ট্র বা প্রশাসনিক কাঠামো উল্লেখ করেননি। হামাস বলছে, তারা গাজা উপত্যকার পরবর্তীকালে সরাসরি শাসনচালনায় আগ্রহী নাও রাখতে পারে। কিন্তু পশ্চিমাদের মধ্যস্থতাকারী মহল যেভাবে তাদের যোদ্ধাদের নিরস্ত্রীকরণ দাবি করছেন, তাতে হামাস আপাতত রাজি নয়। তাদের অবস্থান কোর: একটি স্বাধীন ফিলিস্তিনি রাষ্ট্র গঠিত হলে তাদের যোদ্ধারা অস্ত্র ত্যাগের কথা বিবেচনা করবে; সেই ক্ষেত্রে অস্ত্র হস্তান্তরের পর এসব যোদ্ধাদের কোনোরকম সামরিক বা নিরাপত্তা বাহিনীতে অন্তর্ভুক্ত করা হতে পারে। কূটনৈতিক মঞ্চেও গত কয়েকদিনে তড়িঘড়ি দেখা গেছে ড় সংবাদমাধ্যমে বলা হয়েছে, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রস্তাবিত টেকনোক্র্যাট কমিটি-কে গাজা উপত্যকার অস্থায়ী শাসনভার হস্তান্তরে হামাস সম্মত হওয়ার কথা জানিয়েছে কিনা সে সংক্রান্ত আলাপ-আলোচনা হয়েছে। তবে হামাস অস্ত্র সমর্পণের ব্যাপারে একেবারে সঙ্কল্পী নয়। উল্লেখ্য, গাজায় চলমান সংঘর্ষ ও ক্ষয়ক্ষতির প্রেক্ষাপটে হামাস, অন্যান্য রাজনৈতিক গোষ্ঠী ও মধ্যস্থতাকারীরা কায়রো বৈঠকে আংশিক সমঝোতা করে। হামাসের ওয়েবসাইটে প্রকাশিত এক যৌথ বিবৃতিতে বলা হয়েছে যে অস্থায়ী টেকনোক্র্যাট কমিটি আরব দেশ ও আন্তর্জাতিক সংস্থার সমর্থনে কাজ করবে এবং যুদ্ধবিধ্বস্ত অঞ্চলে প্রশাসনিক শূন্যতা রোধে অবিলম্বে কার্যক্রম শুরু করা হবে। তবে হামাসের শর্ত ড় প্রধানত ইসরাইলি দখলদারত্বের অবসানড় কিভাবে বাস্তবে রূপ নেওয়া যাবে এবং কে বা কোন সংস্থা অস্ত্রগুচ্ছ গ্রহণ করবে, তা নিয়ে এখনো অনিশ্চয়তা রয়ে গেছে। আন্তর্জাতিক কূটনৈতিক পর্যবেক্ষকরা মনে করছেন, অস্ত্রসমর্পণকে কেন্দ্র করে যে প্রশ্নগুলো পাওনা রয়েছে একটি রাষ্ট্রীয় কাঠামো, নিরাপত্তা গ্যারান্টি, এবং যোদ্ধাদের পুনর্বাসন সেগুলো ছাড়া কোনো টেকসই চুক্তি করা সম্ভব নয়। এই প্রসঙ্গে আন্তর্জাতিক মধ্যস্থতাকারী দেশ ও স্থানীয় পক্ষগুলোর মধ্যে নড়চড় শুরু হলেও বাস্তবায়ন পর্যায়ের জটিলতা, আস্থা পুনর্গঠন ও নিরাপত্তার নিশ্চয়তা নিশ্চিত করা না হলে চূড়ান্ত সমাধানদিক এগোনো কঠিন বলেই বিশ্লেষকরা মনে করেন।

## আনসার ভিডিপি ব্যাংকের গ্রাহক সভা

(প্রথম পৃষ্টার পর)

ব্যাংকের ব্যবস্থাপক মামনুর রহমান। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা কমান্ড্যান্ট কামরুজ্জামান। বিশেষ অতিথি ছিলেন কুষ্টিয়া অঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপক লুৎফর রহমান চৌধুরী এবং সদর উপজেলা ভিডিপি কর্মকর্তা মুস্তাফিজুর রহমান। এছাড়া ঝিলিক ও সাদিকুর রহমানসহ অন্যান্য প্রতিনিধি বক্তব্য রাখেন। সভায় গ্রাহক সেবার মানোন্নয়ন এবং ব্যাংকের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়।

## মাঠ দিবসে বিনা ধান-২৬ এর প্রচার

(প্রথম পৃষ্টার পর)

মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক সঞ্জীব মৃধা, আর বিশেষ অতিথি ছিলেন সদর উপজেলা কৃষি অফিসার মোঃ মনিরুজ্জামান। অনুষ্ঠানে বিনা উপকেন্দ্রের খামার ব্যবস্থাপক মোঃ আবু সাইদ বক্তব্য রাখেন। মাঠ দিবসে বুড়িপোতা ইউনিয়নের বিভিন্ন গ্রামের কৃষকরা অংশগ্রহণ করেন এবং উন্নত ধানের বীজ ও চাষাবাদ প্রক্রিয়া সম্পর্কে সরাসরি জানার সুযোগ পান।

# জামায়াত আমির: ক্ষমতায় গেলে নারীদের কর্মঘণ্টা কমাবো

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমীর ডা. শফিকুর রহমান বলেছেন, ক্ষমতায় এলে নারীদের কর্মঘণ্টা কমানো হবে। তিনি বলেন, মায়েরা সন্তান জন্ম দিয়ে লালন-পালন করছেন এবং একই সঙ্গে পেশাজীবী হিসেবে দায়িত্ব পালন করছেন; তাই তাদের প্রতি বর্তমান কর্মঘণ্টার সীমা অবিচার।

নিউইয়র্কে স্থানীয় সময় রবিবার কোয়ালিশন অব বাংলাদেশী আমেরিকানের আয়োজিত নাগরিক সংবর্ধনায় ডা. শফিকুর রহমান বলেন, “বদনাম দেওয়া হয়, ক্ষমতায় গেলে আমরা নারীদের ঘরে তালা দিয়ে রাখব। কিন্তু এতো তালা কোথা থেকে কিনব?” তিনি আরও জানান, ক্ষমতায় গেলে মায়েদের কর্মঘণ্টা হ্রাস করা হবে, যাতে তারা পরিবার ও পেশার ভারসাম্য রাখতে পারেন। সংবর্ধনা সভায় জামায়াত আমীর বলেন, বর্তমান সরকারের মেয়াদ শেষ হওয়ার আগে জুলাই হত্যাকাণ্ডের দৃশ্যমান রায় দেখতে চায় দেশের মানুষ। তিনি উল্লেখ করেন, ক্ষমতায় যেই দল আসুক, তাদেরকে এই রায় ন্যায়ভিত্তিকভাবে কার্যকর করতে হবে। এছাড়াও তিনি ক্ষমতায় এলে দেশে বিনিয়োগ ও অর্থনৈতিক সুযোগ বৃদ্ধি করার প্রতিশ্রুতি দেন। সভায় বাংলাদেশের বিভিন্ন নাগরিক ও সংগঠনগুলো অংশগ্রহণ করেন।

# দক্ষিণ চীন সাগরে মার্কিন নৌবাহিনীর হেলিকপ্টার ও যুদ্ধবিমান বিধ্বস্ত

সূর্যোদয় প্রতিবেদন

দক্ষিণ চীন সাগরে যুক্তরাষ্ট্রের নৌবাহিনীর একটি হেলিকপ্টার ও একটি যুদ্ধবিমান বিধ্বস্ত হয়েছে। সৌভাগ্যক্রমে দুটি দুর্ঘটনাতেই কোনো প্রাণহানির ঘটনা ঘটেনি। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের এশিয়া সফরের সময়েই এ ঘটনা ঘটে। বার্তা সংস্থা এএফপি জানিয়েছে, পৃথক এই দুটি দুর্ঘটনা রোববার ঘটে। প্রশান্ত মহাসাগরীয় মার্কিন নৌবহরের এক বিবৃতিতে বলা হয়েছে, প্রথমে নিয়মিত টহল অভিযানের সময় একটি এমএইচ-৬০ ‘সি হক’ হেলিকপ্টার বিধ্বস্ত হয়। এতে থাকা তিনজন ক্রু সদস্যকে উদ্ধার করা সম্ভব হয়েছে। এর প্রায় আধঘণ্টা পর একই এলাকায় একটি বোয়িং এফ/এ-১৮এফ ‘সু-পার হর্নেট’ যুদ্ধবিমান বিধ্বস্ত হয়। বিমানে থাকা দুই পাইলটকেও নিরাপদে উদ্ধার করা হয়েছে বলে জানায় নৌবাহিনী। নৌবাহিনীর পক্ষ থেকে বলা হয়েছে, দুটি দুর্ঘটনার কারণ অনুসন্ধানে তদন্ত চলছে। প্রাথমিকভাবে কোনো প্রযুক্তিগত ত্রুটি বা প্রতিকূল আবহাওয়ার বিষয়টি নিশ্চিত করা যায়নি। ঘটনাটির সময় মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এশিয়া সফরে রয়েছেন। তিনি বৃহস্পতিবার চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সঙ্গে বৈঠক করবেন। এমন এক সময়ে দক্ষিণ চীন সাগরে দুটি মার্কিন সামরিক উড়োজাহাজের দুর্ঘটনা নতুন করে আলোচনার জন্ম দিয়েছে। উল্লেখ্য, চলতি বছরের শুরুতেও দক্ষিণ চীন সাগরেই দুটি মার্কিন যুদ্ধবিমান বিধ্বস্ত হয়েছিল বলে জানিয়েছে এএফপি।

# ৯৫০ গোলের মাইলফলক ছুঁয়ে রোনালদোর ইতিহাস

সূর্যোদয় প্রতিবেদন

ক্রিস্টিয়ানো রোনালদো তার অসাধারণ ফুটবল ক্যারিয়ারে আরও একটি ঐতিহাসিক অধ্যায় যোগ করেছেন। শনিবার সৌদি প্রো লিগে আল নাসরের হয়ে আল হাজমের বিপক্ষে গোল করে পুরুষ ফুটবলের ইতিহাসে প্রথম খেলোয়াড় হিসেবে ৯৫০ ক্যারিয়ার গোলের মাইলফলক স্পর্শ করেন পর্তুগিজ তারকা। বুরায়দাহর কিং আবদুল্লাহ স্পোর্টস সিটি স্টেডিয়ামে ম্যাচের ৮৮তম মিনিটে গোল করেন রোনালদো। এই গোল আল নাসরের লিড দ্বিগুণ করে ২-০ ব্যবধানে জয় নিশ্চিত করে। চলতি মৌসুমে এটি তার ষষ্ঠ গোল, সব প্রতিযোগিতা মিলিয়ে সপ্তম গোল। রোনালদো ২০২২ সালের ডিসেম্বরে ম্যানচেস্টার ইউনাইটেড ছেড়ে আল নাসরে যোগ দেওয়ার পর থেকে শতাধিক গোল করে ক্লাবের হয়ে অসাধারণ অবদান রেখেছেন। এই কীর্তির ঠিক আগের সময়ে রোনালদোর দীর্ঘদিনের প্রতিদ্বন্দ্বী লিওনেল মেসি ইন্টার মায়ামির হয়ে ন্যাশভিলের বিপক্ষে ৩১ গোল জয়তে ৮৯১ ক্যারিয়ার গোল স্পর্শ করেছেন। মেসি সবচেয়ে কম বয়সে ৮৯০ গোলের মাইলফলক স্পর্শ করেছেন (৩৮ বছর ১২২ দিন), যেখানে রোনালদোর বয়স ছিল ৩৯ বছর ৮৯ দিন। ম্যাচের সংখ্যা হিসেবে মেসি ১,১৩১ ম্যাচে এ অর্জন করেছেন, আর রোনালদো ১,২২০ ম্যাচে। যদিও দুজনের প্রতিদ্বন্দ্বিতা এখন আর লা লিগায় সীমাবদ্ধ নয়, আবেগ ও উত্তেজনা এখনও তুমুল। মেসি ২০২৮ সাল পর্যন্ত ইন্টার মায়ামিতে, আর রোনালদো ২০২৭ পর্যন্ত আল নাসরে চুক্তিবদ্ধ থাকবেন। ফলে ফুটবলপ্রেমীরা তাদের জাদু আরও কয়েক বছর উপভোগ করতে পারবেন। রোনালদো ও মেসি উভয়েরই অসাধারণ প্রতিভা বিশ্বজুড়ে দর্শকদের মুগ্ধ করতে থাকে, যা আধুনিক ফুটবলের ইতিহাসে স্থায়ী এক অধ্যায় হিসেবে বিবেচিত হবে।

# কানাডার ওপর আরও ১০ শতাংশ শুল্ক আরোপ করলেন ট্রাম্প

সূর্যোদয় প্রতিবেদন

কানাডার ওপর আরও ১০ শতাংশ শুল্ক বৃদ্ধি ঘোষণা করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সাবেক প্রেসিডেন্ট রোনাল্ড রিগ্যানকে নিয়ে কানাডায় প্রচারিত একটি ‘বিতর্কিত’ বিজ্ঞাপনের জেরে তিনি এই সিদ্ধান্ত নিয়েছেন। শনিবার রাতে নিজের সামাজিক মাধ্যম ট্রুথ সোশ্যালে দেওয়া এক পোস্টে ট্রাম্প বলেন, “রোনাল্ড রিগ্যানের শুল্কবিষয়ক বক্তব্যকে বিকৃত করে কানাডা প্রতারণামূলক একটি বিজ্ঞাপন প্রচার করেছে। এতে রিগ্যানের রেডিও ভাষণ ভুলভাবে সম্পাদনা করা হয়েছে এবং কোনো অনুমতিও নেওয়া হয়নি।” ট্রাম্প তার পোস্টে আরও লেখেন, “রোনাল্ড রিগ্যান মার্কিন জাতীয় নিরাপত্তা ও অর্থনীতির সুরক্ষায় শুল্কের পক্ষে ছিলেন। কিন্তু কানাডা তার বার্তাকে বিকৃত করে ভুলভাবে উপস্থাপন করছে। বিজ্ঞাপনটি সরিয়ে ফেলার কথা থাকলেও তা গতকালও প্রচারিত হয়েছে। এই জঘন্য আচরণের প্রতিক্রিয়ায় কানাডার ওপর ১০ শতাংশ অতিরিক্ত শুল্ক আরোপ করা হলো।” এর আগে গত বৃহস্পতিবার ট্রাম্প কানাডার সঙ্গে সব ধরনের বাণিজ্য আলোচনা স্থগিত করার ঘোষণা দেন। তখনও তিনি একই বিজ্ঞাপনের প্রসঙ্গ তুলে বলেন, “কানাডা এমন একটি বিজ্ঞাপন প্রচার করেছে, যেখানে সাবেক প্রেসিডেন্ট রোনাল্ড রিগ্যানকে শুল্কবিরোধী হিসেবে দেখানো হয়েছে। এটি যুক্তরাষ্ট্রের প্রতি অসম্মান।” ট্রাম্প তার পোস্টে আরও লেখেন, “কানাডার জঘন্য আচরণের জন্য তাদের সঙ্গে সমস্ত বাণিজ্যিক আলোচনা বাতিল করা হলো।” এর আগে ট্রাম্প প্রশাসন কানাডার পণ্যের ওপর ৩৫ শতাংশ শুল্ক আরোপ করেছিল। তবে ইউএসএমসিএ (টঝগঈঅ) বা যুক্তরাষ্ট্র-মেক্সিকো-কানাডা চুক্তি-এর আওতায় কিছু পণ্যকে শুল্ক ছাড়ের আওতায় রাখা হয়। ইউএসএমসিএ হলো ট্রাম্পের প্রথম মেয়াদে স্বাক্ষরিত একটি মুক্ত বাণিজ্য চুক্তি, যা উত্তর আমেরিকার তিনটি দেশের মধ্যে পণ্য ও বিনিয়োগ প্রবাহকে সহজ করার লক্ষ্যে করা হয়েছিল। তবে সাম্প্রতিক সময়ে ট্রাম্প কানাডার ওপর খাতভিত্তিক কঠোর শুল্কনীতিও আরোপ করেছেন ধাতু খাতে: ৫০ শতাংশ, অটোমোবাইল খাতে: ২৫ শতাংশ। বিশ্লেষকদের মতে, ট্রাম্পের এই সিদ্ধান্ত কেবল অর্থনৈতিক নয়, রাজনৈতিক বার্তাও বহন করছে। আসন্ন মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনের প্রাক্কালে ট্রাম্প তার সমর্থকদের সামনে আবারও ‘আমেরিকা ফার্স্ট’ নীতিকে তুলে ধরছেন।